


भूगितिरित्

সম্পাদনায় মুহম্মদ আবদুল হাই ও আনোয়ার পাশা



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



সশাদনায় মুহম্মদ আবদুল হাই

অধ্যক্ষ, বাংলা ও সংস্কৃত বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয়।

g

আনোয়ার পাশা

অধ্যাপক, বাংলা বিভাগ ঢাকা বিশ্ববিদ্যালয় ৷



স্চীপত্র

॥ ভূমিকা ১- ৬০॥

পর্থি আবি কার প্রসঙ্গ — ১ ।। নামকরণ — ২ ।। মলে ও বৃত্তি — ৪ ।।
তিব্বতী অন্বাদ — ৬ ।। রচনাকাল — ৮ ।। রচয়িতা — ১০ ।।
তাশ্রিক সাধনা ও চ্যাপদ – ১০ ।। তত্ত্দ শান — ১৭ ।।
ভাষা প্রসঙ্গ — ১৮ ।। ছন্দ – ২৯ ।।
প্রাচীন সঙ্গীতশাংক, চ্যাগীতি ও রাগারাগিণী — ৩২ ॥
সাহিত্যিক মলো — ৩৫ ।। দেশকাল ও সমাজ-জীবন — ৪৫ ।।

॥ মলে ও অন্বাদ (শব্দার্থ ও টীকাসহ) ৬১-১৮৪ ॥

পদক্তৰ্	প ্*ঠা
ল,ইপাদানাম্	৬৩
কু ক ু রীপাদানাম	৬৫
বির ্ বাপাদা নাম ্	৬৭
গ্ৰুভরীপাদানাম্	90
চাটিল্লাপাদানায	१२
ভূস-ুকুপাদানাম্	96
কাহপাদানা ম ্	४१
ক*বলা-বরপাদানাম্	RO
কা হ পাদানা ম ্	4.5
কৃষণাদানাম (কাহপা দানাম)	FG
কৃষ্টাহাধ্পাদানাম্ (কাহ্পাদানাম্)	, A.2
কৃষ্পাদানাম্ (কাহ্পাদানাম্)	22
	লুইপাদানাম্ কুজুরীপাদানাম বিরুবাপাদানাম্ গ্রুভরীপাদানাম্ গ্রুভরীপাদানাম্ চাটিল্লাপাদানাম্ ভূস্কুপাদানাম্ কাহপাদানাম্ কাহপাদানাম্ কাহপাদানাম্ কৃষ্পাদানাম্ কৃষ্পাদানাম্ কৃষ্পাদানাম্ কৃষ্পাদানাম্ কৃষ্ণাদানাম্ কৃষ্ণাদানাম্ (কাহপাদানাম্)

চ্যাসংখ্যা	পদকতা	প্ষা
201	কৃষণচাৰ্গপাদানাম্ (কাহপাদানাম্)	28
281	ডো-বীপাদানাম	29
561	শান্তিপাদানাম্	\$60
১৬ ৷	মহীধরপাদানাম্ (মহীতাপাদানাম্)	200
291	বীণাপাদানাম্	208
281	কৃষ্ণবজ্ঞপাদানাম্ (কাহপোদানাম্)	202
221	কৃঞ্পাদানাম্ (কাহ্পাদানাম্)	225
२०।	কু ক ুর ীপাদনোম ্	228
521	ভূস্কুপাদানাম্	229
२२ ।	সরহ পাদার্শার্	222
२०१	ভূসন্কুপাদানাম	252
२ ७।	শান্তিপাদানাম্	১২৩
२१ ।	ভূস-ুকুপাদানাম.	256
581	শ্বরপাদানাম্	25A
२ ৯।	न ्डेभानामा म ्	202
७०।	ভূস ্কুপাদানা ম্	208
021	আর্ধদেবপাদনাম্ (আজ্দেব)	200
०२।	সরহপাদানাম্	202
७७।	ঢে ণ্টণপাদানাম ্	>85
981	দারিকপাদানা ম ্	28¢
061	ভাদেপাদানাম্	284
0 b'1	কৃষপাদানাষ্ (কাহপাদানাম্)	240
0 91	তাড়কপাদানাম ্	205

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

100

ठवां शरथाा	পদৰভা	প্ৰা
0 ¥ İ	সরহপাদানাম্	200
071	अंबर भा षानाव	264
801	কাহপাদানাম্ (কাহুপোদানাম্)	565
168	ভূ সুকুপাছানাম ্	১৬৩
8 \ i	· কাহপাদানাম্ (কাহ ্পাদানাম্)	566
801	ভূস -कूर्रामामाय	১৬৭
881	ক ংকণদানা ম্ (কোঁংকণপাদানাম্)	১৬১
861	কাহপাদানা ম ্	595
861	ब बन णीगा नाम्	১৭৩
841	ধ ^{ন্দ্ৰ} ক্ৰিয় (ধামপাদানাম্)	596
871	ভূস ুভূগাৰ াগায়-	298
601	শবরপাদানীয়	242
	(अथम हत्रत्यत मृही)	243

ছুমিকা

া। পর্বিথ আবিশ্কার প্রসঙ্গ ॥

প্রমায় হরপ্রসাদ শাস্ত্রী তাঁর সম্পাদিত 'বৌদ্ধগান ও দোহা'র মাখবদ্ধে লিখেছেন—'যথন প্রথম চারিদিকে বাঙ্গাল। স্কুল বসান হইতেছিল এবং লোকে বিদ্যাসাগর মহাশয়ের বর্ণ পরিচয়, বোধোদয়, চরিতাবলী, কথামাল। পড়িয়। বাঙ্গালা শিখিতেছিল, তখন ভাহারা মনে করিয়াছিল, বিদ্যুদাগর মহাশয়ই বাঙ্গালা শৈখিতেছিল, তখন তাহারা মনে করিয়াছিল, বিদ্যাপাগর মহাশয়ই বাঙ্গাল। ভাষার জন্মদাতা। কারণ, তাহারা ইংরেজীর অনুবাদ মাত্র পড়িত, বাঙ্গালা ভাষার ষে আবার একটা সাহিত্য আছে এবং তাহার যে আবার একটা ইতিহাস আছে. ইহা কাহারও ধারনা ছিল না। · · · ক্রমে রামগত্রিক্রিয়র রু মহাশয়ের বাঙ্গাল। ভাষার ইতিহাস ছাপা হইল। তাহাতে কাশীদাস ক্রেতিবাস, কবিকণ্কণ প্রভাতি কয়েক-জন বাঙ্গালা ভাষার প্রাচীন কবির বিষ্কৃতি লিখিত হইল। বোধ হইল বাঙ্গালা ভাষায় তিন শত বংসর পাবে প্রেসকিতক কাব্য লেখা হইয়াছিল; তাহাও এমন কিছু, নয়, প্রায়ই সংস্কৃতে∳ৈ অনুবাদ।'—এই হচ্ছে ঊনবিংশ শতাকণীর শেষাধে বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কে সাধারণ শিক্ষিত বাঙালীর ধারণা। কিন্তু ধারণাটা যাই হোক, এ কথাও সত্য যে –ঐ সময়টা ছিল বাঙালীর বিকাশের যুগ, জীবনের নানা ক্ষেত্রে তার অনুসন্ধিৎস। ও কোতুহল তখন বিচিত্রম খী হয়ে উঠেছে। এই বিচিত্র অনুস্ধিৎসার অঙ্গ হিসেবেই আমর। লক্ষ করি, বৌদ্ধমেরি ইতিবৃত্ত ও সাহিত্য সম্পর্কে তথ্যানাসন্ধান শ্রে হয়েছে তখন। হরপ্রসাদ শাদ্বীও বৌদ্ধধ্যের ইতিবৃত্ত সন্ধানেই নেপাল যাত। ক'রে এ-পর্যন্ত প্রাপ্ত বাংলা সাহিত্যে আদি নিদর্শন চর্যাপদ আকিকার করেন। শাংত্রী মশায়ের পূবে এ-সম্পর্কিত তথ্য সংগ্রহে প্রথম প্রবৃত্ত হন ঠাকা রাজেন্দ্র লাল মিত্র। সম্ভবত তিনিই প্রথম নেপাল যাত্রা ক'রে সংস্কৃতে রচিত অনেকগ্লি বৌদ্ধ ধর্ম ও সাহিত্যের প্রথি প্রাপ্ত হন এবং ১৮৮২ খ্রতিষ্টাবেদ Sanskrit Buddhist Literature in Nepal নাম দিয়ে সে স্বের একটি তালিকাও প্রকাশ করেন। রাজেন্দ্রলাল মিত্রের পর তারই পদান্ত অন্-সরণ ক'রে নেপালে পর্বিধ সংগ্রহের চেন্টায় যান হরপ্রসাদ শাস্ত্রী। শাস্ত্রী মশারের ইচ্ছাটা ছিল এই রকম — নেপালে হিন্দু রাজার অধীনে বৌলধর্ম কির্পে চলিতেছে দেখিতে যাইব'। বস সময় শাদ্তী মশায় বৌদ্ধর্ম সংপকে অত্যন্ত কোতৃহলী হয়ে পড়েছিলেন। যে ভারতে বৌদ্ধধ্মের উদ্ভব সেই ভারতের মাটি থেকে বৌদ্ধধর্ম একেবারে বিলয়েও হয়ে যাবে – এটি তার কাছে অসমত ঘটনা মনে হয়েছিল এবং এইটেই সম্ভাব্য ব্যাপার ব'লে তার মনে হয়েছিল যে, নিশ্চয়ই কোন-না কোনো ছম্মবেশে বৌদ্ধধর্ম **এখানে** আত্মগোপন ক'রে আছে। তিনি ধর্ম ঠাকুরকে প্রচ্ছল বৌদ্ধ ব'লে মনে করেছিলেন—'নানা কারণে আমার সংগ্রার হইয়।ছিল যে, ধর্মাঙ্গলের ধর্মঠাকুর বৌদ্ধ ধর্মের শেষ'।ও শাস্ত্রী মণায়ের এ সিদ্ধান্ত পরবর্তাকালে অসার প্রমাণিত হয়েছে 🙌 তার অনুসদ্ধিংসা বিফলে যায়নি। তিনবার তিনি নেপালে যান ১৯৮১৭-৯৮ খ্রীন্টাব্দে দ্বার এবং শেষবার ১৯০৭ খানীপ্টাব্দে। এই ব্রের্কার তিনি আবিৎকার করেন বাংলা সাহিত্যের মালাবান সম্পদ চ্যাপ্রভাগি ১৯০৭ সালে আবার নেপালে গিয়া আমি কয়েকখানি পর্থি দেখিতে পাইল্লাম। একখানির নাম চর্য্যাচষ্যবিনিশ্চয়, উহাতে কতকগ্রাল কীর্ত্তনের গান আছে ও তাহার সংশ্কৃত টীকা আছে। গানগ্রাল বৈষ্ণবদের কীর্তনের মভ, গানের নাম চ্যপিদ।'⁸

।। नामकत्रव।।

হরপ্রসাদ শাস্ত্রীর আবিতক্ত পর্থির নায় 'চয়াচয়বিনিশ্চয়'। পর্থির মধ্যে 'চয়াচয়য়বিনিশ্চয়' নাম মেয়ন আছে, তেয়নি তার প্রথম বন্দনা শ্লোকে আছে—
'শ্রীলয়ে চরণাদি সিল্লরচিতেপ্যাশ্চয়র্যাচয়ে'…। এখানে পাওয়া য়াছে আশ্চয়্যাচয়য়' শব্দটি। এ থেকে বিধ্যোশ্যর শাস্ত্রী মনে করেন গ্রন্থের প্রকৃত নায় 'আশ্চয়র্যাচয়'। 'প্রবাধচণ্ড বাগচনী দর্শটি নামের কোনটিই গ্রহণ করেননি। ডার মতে প্রকৃত নমে হবে 'চয়াশ্চয়'রিনিশ্চয়', লিপিকর ভুল করে 'চয়ায়ব':বিনিশ্চয়' লিখেছেন। শুকুমার সেন এই মত সমর্থন করেছেন। পুতরে 'চয়ায়বিনিশ্চয়' লক্ষিত গ্রামান করেছেন। বিতর 'চয়ায়বিনিশ্চয়' শব্দটি গ্রেলিশ্চয়' শব্দটি গ্রেলিশ্চয়' শব্দটি গ্রেলিশ্চয়' লক্ষিত গ্রামান করেছেন। বির্বাহনী করেছিল বিশ্বমান করেছেন। বির্বাহনী করেছিল বিশ্বমান করেছিল।

আনুমানের সাহায্যে বলেছেন মাত্র। মনীন্দ্র মোহন বস্ যুক্তিসঙ্গতভাবেই লিখেছেন—'পত্থিতে যে পাঠ রহিয়াছে তাহাতে যখন অর্থ-সঙ্গতি লক্ষিত হর তখন কলপনার সাহায়্যে নামের পরিবর্তন করিবার কোন প্রয়োজন আছে বলিয়া মনে হয় না।' তিনি অর্থ-সঙ্গতি দেখিয়েছেন এই ভাবে—'চয়া অর্থে আচরণীয় এবং অচয়া অর্থে অনাচারণীয়। অতএব ব্রা যাইতেছে যে, ধন্মসিন্বদ্ধীয় বিধি নিষেধ লইয়। ঐ প্রত্তিল রচিত হইয়াছিল।'

অশ্চযাচ্যাচ্য় অথ আশ্বর্য বা অন্তুত চ্যাসমূহ। শ্লোকতির পরবর্তী চরণ হচ্ছে—সদ্বর্যা বগমায় নির্মালগিরাং টীকাং বিধাস্যে স্ফুটম্'। সমগ্র শ্লোকতির অর্থ—'গ্রীলইপান প্রমূথ সিদ্ধাচার্য রচিত অন্তুত চ্যাসমূহে প্রধেশের সগর্য নির্দেশ করবার জন্য নির্মালগিরা নামক টীকা রচনা করা হ'ল।'—এখানে সগর্য ব্যুমা যাছে—'আশ্চর্য শব্দটি চ্যাচ্য়' (= চ্যাসমূহ) শব্দের বিশেষণ । সেক্ষেত্রে 'আশ্চর্যাচ্যাচ্র'' শব্দটিকৈ সংকলনের নাম হিস্কুট্রে গ্রহণ করা যুক্তিযুক্ত ব'লে মনে হয়না। এ সম্পর্কে মন্তর্য করতে করিয়ে মণীন্দ্র মোহন বস্কু লিখেছেন—'অন্ত টীকাকার লিখিয়াছেন—সিক্ষুট্রিয়াল্রিলইপাদঃ প্রণিধিপ্রেরিতাবতারণার্থ'ং কাজতর্ব্যাজেনস্ক্রেম্ম' তাপ্রীষ্টিকাং প্রাকৃতভাসরা রচিয়িত্নাহ কায়েতাাদি (হরপ্রসাদ শাস্ত্রী সম্পাদিত বৈদ্ধিনান ও দোহা'র ২য় প্রুণ্ঠা নুর্ভব্য—সম্পাদক)। এখানেও স্কুদ্ধম্ম'তাপীঠিকা শব্দটি চ্যারি সমনামর্পে ব্যবহৃত ইইয়ছে। এজন্য চ্যাপ্রের পরিবর্তে ইহাদের 'স্কেশ্বম'তাপীঠিকা' নানকরণ করা সঙ্গত ইইবে কি ই''

হরপ্রদান শান্ত্রীর ধারণা ছিল, তিনি চ্যাগ্রীতি-সংগ্রহের মূল প্রথিই (টীকা-সহ) আবিংকার করেছেন। কিন্তু সকল পন্ডিতই পরবর্তীকালে এ বিষয় এক-মত থে, শান্ত্রী মশায়ের সংগ্হীত প্রথিটি আসলে ব্তি বা টীকার। ব্তির সঙ্গে পাঠের স্বিধা বিবেচনা ক'রে মূল চ্যাগ্রিলও উদ্ধৃত হয়েছিল। স্ত্রং ম্পন্টই ব্যা যাজে, চ্যাচ্যাবিনিশ্চিম' নামটি মূল চ্যা-সংগ্রহ প্রথেহর নয়, সংস্কৃত টীকার। চ্যাগ্রীতগর্লি সংক্লিত হওয়ার পর সাধায়েরে স্বিধার্থে তার সংক্তৃত টীকা রচিত হয়েছিল। শান্ত্রী-সংগ্হীত প্রথির লিপিকর এক প্রথি থেকে গ্লুল গ্রীত এবং অন্য প্রথি থেকে টীকা নকল করেছিলেন বলে মনে হয়।

৪ চৰ্যাগীতিকা

তাহ'লে এখন প্রশন দাঁড়ার, মূল চ্যাসিংকলন-গ্রন্থখানির নাম কাঁ ছিল ? প্রশিষ্টতগণের অন্মান অনুসারে সেই নাম হচ্ছে 'চ্যাগাঁতিকোর'। তিব্বতী অনুযাদ ও তেজ্বি-তালিকা ১ এই অনুমানের সপক্ষেই সহায়তা করে।

।।মূল ও বৃত্তি।।

প্রেই বলেছি মাল ও বৃত্তি ছিল প্রথমে পৃথক দুখানি প্রহা। কোনো লিপিকর এপের একতে প্রহিত করেন। এ কথা যে সত্য তার প্রমাণ পুথির মধাই ছড়িরে আছে। দেখা বাচ্ছে, মালের পাঠ ও টীকার পাঠ সব'ত নিলছেন।। এতে প্রমাণত হয়, টীকাকার মালের যে প্রথি অন্সরণে টীকা রচনা করেছিলেন সেই প্রথি লিপিকরের সামনে ছিল না। আর একটি ব্যাপারও সবিশেষ লক্ষণায়। ১০ সংখাক চর্যায় ব্যাঝা নাস্তি।" প্রথানে সপত বাঝা যাছে, এই প্রথির লিপিকরের সামনে মাল চর্যায়া নাস্তি।" প্রথানে সপত বাঝা যাছে, এই প্রথির লিপিকরের সামনে মাল চর্যায়া নাস্তি।" প্রথানে সপত বাঝা যাছে, এই প্রথির লিপিকরের সামনে মাল চর্যায়া নাস্তি।" প্রথানে গাটি ছিল তাতে এই খানে এমন একটি চর্যাছিল যা টীকাকার ব্যাপ্তি করেন নি। তার নানেই টীকাকার মালের যে প্রথি অবলন্বনে টীকা রক্ষিক করেছিলেন তাতে ঐ পদটি ছিলনা, কিন্তু লিপিকরের বাবহৃত পর্যথিতে ব্যাপিকরের প্রথিতে চর্যাসংখ্যা ৫০; কিন্তু লিপিকরের প্রথিতে চর্যাছিল ৫১টি। তাই বলা বায়া, মোট চর্যাসংখ্যা মালে ৫০টি ছিল না, ছিল ৫১টি।

অতঃপর মূলের পাঠ ও ব্তিতে উদ্ত পাঠের পার্থকা দেখিয়ে একটি তালিকালেওরা যাছে—

णाः नका स्मध्या	41000-		
চষ্-সংখ্যা	চরণ	লি পিক রের	টিকাতে ব্যাখ্যার উ ন্দেশ্যে
		ন্ৰ পাঠ	উদ্ধতে পাঠ
· ২	৯	অইসন	অইসনি
৬	¢	চ ছ ্পই	খন্ডই
¥	>	ভরিতী	ভরিলী
25	5	পিহাড়ি	পিড়ি
. 52	৯	দাহ	দায়
১৬	*	গ্ৰণাঙ্গন	গগ্নগঙ্গা
২ 0	9	ফেটলিউ	ফিটলেস্ক

ভূমিকা

२ 0	Œ	পহিল	পহিলে
२०	9	का न रक्षांबन	নব খোবন
90	9	উইন্তা	উইএ
00	৬	নিহ ্নে	নিহ্ত
05	· ds	हाम्पदब	চান্দেরি
02	٩	ছাড়িঅ	ছাড়ি ল
৩২	٩	পার উআন্নে*	পারোআরে
00	ર	হাড়ীত	হন্ডী (ত)
00	•	বৈগ	বেহ
00	Ġ	यनम	বলদ।
99	Ġ	গৰিজা 🧏 ট	গাবী
৩৬	¥	ঘোরিস 🛞	ঘানিক
OA	ઉ	নোবাহু	নোবাঅ
OR	9	রু হ েঅভয়	বাটত (ভয়)
OF	۵	তিবরৈ সোত্তে	খর–দোতে°
02	> (^শ সুইণা ·	স্বইণে*
ం ప	እ.	ভণস্তি	ভণ (ই)
80	Ġ	আলে	অনে"
80	٩	জে তই	তেজই
80	A	বোধ	বোব
8¢	۵	স্ তর্	সান তরাবর
৪৬	>	পে খ্	পেখই
89	•	ডাহ	नार
82	2	অদ অবৃদ্ধলে	অগ্নয়বঙ্গালে
82	8	চ ন্ডাল ী	চ•ডা লে °
88	હ	ডহি জে।	দহিঅ
82	٩	সোণ তর্বঅ	সোন রুঅ
6 0	ა	ছাড়,	ছ াড়
40	>>	ভাইলা	গড়িল

চৰগোঁতিকা

।। তিব্ৰতী অনুবাদ।।

নেপালে প্রাপ্ত পর্বাথর শেষের কয়েকখানা পাতা পাওয়া যায়নি বলৈ চর্যাগ্রলির টীকাকার কে তা জান। যায়না। তিব্বতী অনুবাদ আবিৎকৃত্ত হওয়ার পর জান। গেল, ঐ টীকা-রচয়িতার নাম মানি দত্ত এবং তিব্বতী। অনুবাদকের নাম কীতিচন্দ্র। তিবতেী অনুবাদের সংবাদ প্রথম দিয়েছিলেন ডঃ সুনীতিকুমার চট্টোপাধাায়। তেঙ্গুরে–তালিকা অনুধাবন ক'রেই তিনি এই অন্বাদ-গ্রন্থের আভাস পান। ডঃ চট্টোপাধ্যারের ইঙ্গিত অনুসারে অনুসন্ধান চালিয়ে ডঃ প্রবোধচন্দ্র বাগচী এই ডিব্রুডী অনুবাদ গ্রন্থখানি সংগ্রহ করেন।

নেপালী প্রথিতে করেকটি পাত। নষ্ট হয়ে যাওরার ফলে সাডে তিনটি চর্যা (যথা:--২৩ সংখ্যক চর্যার আর্থেক, ২৯; ২৫ ও ৪৮ সংখ্যক চর্যা) পাওয়া যায়নি। কিন্তু তিব্বতী অনুষ্ঠান সেগালি পাওয়া গেল। দেই তিব্বতী অনুবাদ ও বৃত্তি অবলম্বনে জি সাকুমার সেন তাঁর চর্যাগীতিপদাবলীতে তাদের কল্পিত পাঠ স্থিত ক্ষিত্র ক্ষিত্র ক্ষিত্র ক্ষিত্র তাবে –

২০ (শেষার্ধ)

কাএ অপণান তুটই মালা বি অহারেই জাল অকাল বেণি বি লেই।। জালন সিকলরে হরিণা এক বি বাসই **एक एक एक एक एक प्राप्त मार्थ मनारे।।**

> 28 কাক

রাগ ইন্দ্রতাল জইসে চান্দ উইআ হোই চিঅরা**ন্ধ** তইসে সোহিঅই। মোহমল গ্রু-উএসে জাই আঅত্তন ইণ্দী গঅন স্মাই। ধসম-বীঅ জা খসমে জাই
নিঅ র্থহ্ তিহ্মন ছাঅ বিছাই।
স্ক উএলা জিম বাতি পোহাই
ভবসম্দা মোহ তিম অবসরি জাই।
হংস-রাঅ জিম পানী লেই
ভব আহারি এহ, কাহে: গাই।।

২৫ জাল্ডী

ধামহ, পইঠা বাজুঠাব কুহেই
কাল পাও তান্তে সুকা কট বঅই।।
হ'াউ সে তান্তি সুতা অধ্যা
অপনে স্তের লকু কুল জানা।।
অবউঠ হাল বেষ্ট্র সিরিউ ভ্যানে
গজন প্রিরু ইং, কট বজনে।।
অনহা ক্ষেকট বয়ন থিরা
বেণবি তোড়ি জোড়িজা দিঢ়া।।
বইঠা ম নিতি শ্নত পাই
তত্নী ছাড়ি বাজিল হোই।।

৪৮ ক্রুরীপ। রাগ পটমঞ্জরী

কুলিশ-ভর-নিদ বিআপিল সমতা জোএ মন্ডল সম্বল।। বিষয় ইণিদপ্র সব জিতেল দ্বেরাঝ মহাস্তে ভইল।। ত্র শাংখ ধনি অনহা গান্ধই
মোহ ভববল দুরে ভাজই।।
সাহ-নঅরীএ লই আগ ধাতি
আঙ্গলি উভ তোলি কক্রী পা ভণিধ।।
এ তৈলোএ মহস্বেং লইঅ
অথ নিনাদে কুকুরীপাএ কহিঅ।।

।। ब्रह्माकान ।।

চ্যাপদের রচনাকাল নিয়ে পণিডত সমাজে যথেণ্ট হতভেদ আছে। ডঃ
প্রাসনোতিকুমার চটোপাধায়ে অনুমান করেন, এগালের রচনাকাল দশম থেকে
বাদশ শতাবদীর মধ্যে সীমাবদ্ধ। ১১ ডঃ চটোপাধায়ের এই মত কলকাতার
সকল পণিডতই বিনা দিধায় মেনে নিরেছেন কিন্তু কলকাতার বাইরে ডঃ
মাহামদ শহীদ্রোহ্ এবং রাহ্ল সাংক্রাছেন এ সংপ্রকে অন্য মত পোষণ
করেন। রাহ্ল সাক্ত্যারন প্রমাণ করেছেন, লাইপাদ এবং সরহপাদ—এই
দালন প্রাচীন সিন্ধাচার্য রাজা ব্যাপালের সময়ে (৭৬৯—৮০৯ খালি) বতান
মান ছিলেন। ১২ ডঃ শহীদ্রাহ্ প্রমাণ করেছেন, চর্যাপদে আন্মানিক
৬৫০ থেকে ১১০০ খালিটাব্দের ভাষালিপিবদ্ধ হয়েছে। ১৩

ভাষা ও রচিয়তাদের সন্তাব্য আবিভবি কাল ধ'রে চ্য'াসম্থের রচনাকাল নিধ'রেণের চেণ্টা হয়েছে। ভাষার কথা আলোচনা করতে গিয়ে স্নীতি কুমার চট্টোপাধ্যায় মত দিয়েছেন যে চথার ভাষায় দ্বাদশ শতকের প্রাচীন বাংলা ভাষার রুপটি বিদ্যান। তিনি শ্রীকৃষ্ণেকতি নৈর ভাষায় আদিমধ্য বাংলার যে রুপটি প্রত্যক্ষ করেছেন, চর্যার ভাষাকে তদপেক্ষা দেড়-শ বা দ্ব-শ বংসরের প্রাচীন হ'তে পারে ব'লে মনে করেছেন। শ্রী কৃষ্ণকীত'নের ভাষাকে চতুদশি শতাবদীর ধ'রে নিয়ে চর্যার ভাষাকে তাই স্থির করেছেন দ্বাদশ শতাবদীর ব'লে। অবশ্য সব কটি চ্যাই দ্বাদশ শতাবদীরে রচিত একথা তিনি বলছেন না, প্রাচীনতম চ্যাগ্রির রচনাকাল দশম শতাবদীর দিকে ব'লে তিনি স্বীকার করেন।

ড: ম্হম্মদ শহীদ্লাহ্ এ মতের প্রতিবাদ ক'রে বলেন, বাংলা সাহিত্যের উৎপত্তিকাল সপ্তম শতক এবং 'বাঙ্গালা ভাষা ইহার অন্তর একশত বংসর প্রের্বর হইবে।' তিনি মংসোদ্দনাপ প্রথম বাঙ্গালী কবি মনে করেন এবং প্রমাণ করেন যে, মংস্যেদ্দাথ সপ্তম শতকে জাবিত ছিলেন। ১৪ চ্যাপদে কিন্তু মংসোদ্দাথ একটি চ্যাপ্ত নেই, কেবল ২১ সংখ্যক চ্যার টীকায় মীননাপ্তের এই চরণগালি উদ্ধ্ত হয়েছে—

কহান্ত গ্রে, পরমাথের বাট কম্মকুরক সমাধিক পাট। কমল বিকসিল কহিত্ত গ জমর। কমলমধ্য পিববি ধোকে ধোকে ন ভমরা।।

এই চরণগৃলির ভাষা হচ্ছে প্রাচীন বাংলা। শৃহীদ্প্লাহ্ সাহেব লিখেছেন—'আমরা পদটিকে প্রাচীন বাংলা। বলিয়াই প্রাচী করিব।'' পদটির রচিয়িতা মীননাথই নামান্তরে মংস্যেন্দ্রনাথ। মংক্রেন্দ্রনাথের সময় নিয়েও পন্ডিতদের মধ্যে মতভেদ দেখা দিয়েছে। ডঃ সন্নুক্তিকুমারের মতে মীননাথের শিষ্য গোরক্ষনাথ দাশ শতাব্দীর লোক, অভাবি মীননাথও ঐ শতাব্দীর লোক হবেন।' ও অধ্যাপক নলিনীনাথ দাশগৃল্প সিংস্যেন্দ্রনাথকে দশম শতাব্দীর শেষাধে'র লোক মনে করেন।' কিন্তু ডঃ মহুম্মদ শহীদ্পল্লাহ্ নাথগীতিকার গোপীচাঁদ এবং চ্যাপিদের লাইপাদের সময় আলোচনা ক'রে দেখিয়েছেন 'মংসোন্দ্রনাথের সময় এম শতকের পরে হইতে পারে না।' এছাড়াও, উঃ শহীদ্পলাহ্ বিভিন্ন চর্যার্চরিতায় যে সন্থাব্য সময়—সীমা নিধরিণ করেছেন তাতেও দেখা যায় চর্যাগ্রেলর রচনাকাল খানীভাঁর সপ্তম শতক থেকে দ্বাদ্য শতক্ষীর মধ্যেই পড়ে। ডঃ শহীদ্পলাহ্ চর্যারচিয়তাদের যে আনুমানিক সময় স্থির করেছেন' তা হছে—

শবর পা—৬৮০ খারীঃ থেকে ৭৬০ খারীঃ
লাই পা—৭৩০ খারীঃ থেকে ৮১০ খারীঃ
বির্পো—খারীগটীয় অন্টম শতক
কান, পা—খারীগ্রিয় অন্টম শতক

ডোম্বীপা— ৭১০ খানীঃ থেকে ৮৯০ খানীঃ
ভূসক্ক,—খানীন্টীয় একাদশ শতকের মধাভাগ
কুক্রীপা — খানীন্টীয় অন্টম শতক
কম্বলাম্বর—খানীন্টীয় অন্টম শতক
আবাদেব খানীন্টীয় অন্টম শতক (কম্বলাম্বরের সমকালীন)
কম্কণ—খানীন্টীয় অন্টম-নবম শতক (কম্বলাম্বরের বংশজাত
অধবা শিবং ?)

মহীধর—খ্রীন্টীর অন্টম শতক কান্পার শিষা)
ধন্মপাদ—খ্রীন্টীর অন্টম শতক (কান্পার শিষা)
ভাষপাদ—খ্রীন্টীর অন্টম শতক (কান্পার শিষা)
শান্তিপাদ—খ্রীন্টীর একাদশ শতকের প্রথমার্ধ
বীণাপাদ—খ্রীন্টীর একাদশ শতকের প্রথমার্ধ
বীণাপাদ—খ্রীন্টীর একাদশ শতকে।
সরহ—খ্রীন্টীর একাদশি শতক।

॥ বচরিতা ॥

চর্ষাপদের মোট ৫০টি পদের ২৩ জন পদকতার নাম পাওয়। যায়। আরে। একজন পদকতার নাম আছে, কিন্তু তার পদটি নেই। সেটি ধরলে চযার সংখ্যা দাঁড়ায় ৫১; এবং পদকতা ২৪ জন। এখানে পদকতাদের এবং তাঁদের রচিত পদ্গন্ত্রীলর একটা তালিকা এভাবে দাঁড় করানে। যেতে পারে—

	পদক্তা	মোট পদ	পদের ক্রমিক সংখ্যা
51	আর্যদেব (আজদেব)	>	6 5
ર 1	ৰুম্বণ (কুম্বণপাদ)	>	88
01	ক্ষবলাম্বর (কামলি)	2	F
81	কাহ্মপাদ (কাহ্ম কাহ্মি,	20	9, 3, 50, 55
কাহিল, কৃষ্ণচাৰ, কৃষ্ণবন্ধপাৰ ইত্যাদি)		ৰ ইত্যাৰি)	75.79,78,7%
			২৪,*৩৬, ৪০, ৪২ ও ৪ ৫

¢Ι	কুজ্বীপাদ (কুজ্বী পা)	, o	₹, ₹0, ७ ৪४*
5 1	গ্রুন্ডরীপাদ (গর্ভ্ডরী)	>	8
91	हारिनभान (हारिह्न)	۶	Ġ
۲I	জग्रनम्गे (জঅनम्मि)	,	.98
21	ডোম্বীপাদ	٠ ک	>8
201	रहन्हनभाम (रहन्हनभा)	>	00
221	তন্ত্ৰী (তান্তি)	>	46*
251	তাড়ক	>	৩৭
106	দারিক (দারক:)	>	98
181	ধামপাদ (ধন্মপাদ)	>	89
186	বির্বাপাদ (বির্পা, বির্ঝা)	>	•
१७।	বাঁণাপাদ	द विद्व	\$9
391	ভদ্ৰপাদ (ভাদে)	`	o &
181	বীণাপাদ ভদ্ৰপাদ (ভাগে) ভূস্কুপাদ (ভূস্কু)	A	७, २५, २०, २१, ७०
	and the		85, 80 4 85
>> 1	মহীধরপাদ (মহিজা, মহিন্ডা,		
	'মহিতা)	٤	56
२०।	न्रेभान (ल्यानिभान)	\$	১, २৯
221	লাড়ীডোদ্বী (এ'র একটি পদের উ	ল্লেথ আছে	হ, কিন্তু পদটি নেই)
33 I	्रभवत्रभाम (भवत्र)	২	२४, ७ ०
१७।	माखिপान (मासि)	ર	36, 26
18 1	ं সরহপাদ (সরহ)	8	३२, ७२. ७४ ७ ७%

[* তারক চিহ্নত পদগর্মি পর্থি থম্ডিত থাকার দর্শ পাওর। যায়নি। ২৩ সংখ্যক চর্যাটি ঐ একই কারণে অর্থেক পাওর। গেছে।]

এই সকল পদকতার আনুমানিক আবিভাবিকাল প্রেছি আগ্রা লক্ষ্য করেছি। এ'দের অধিকাংশই বাঙালী ছিলেন। তবে কয়েকজন যে বাংলা দেশের অধিবালী ছিলেন না তা স্কানিশ্চিত। ডঃ মৃত্যুমদ শহীদ্বলাহ্ এ'দের প্রায় প্রত্যেকে১ ১২ চ্যাগাতিকা

রচনার ভাষাতাত্ত্বক বৈশিষ্ট্য আলোচনা ক'রে দেখিয়েছেন—এ'রা কেউ কেউ বাংলার বাইরের অধিবাসী হ'লেও তাঁদের রচনা প্রাচীন বাংলা ছাড়া কিছ্ই নয়। এর কারণ সন্তবত এই হ'তে পারে য়ে, এরা সকলেই মীননাথ প্রবিতিত সহজ্ঞখান (তাশ্রিক বৌদ্ধ মত)-এর জন্মারী ছিলেন এবং মীননাথ ছিলেন বাঙালা ও বাংলাভাষার আদিম লেখক। ' সন্তবত পরবর্তা সিদ্ধাচার্যরা আদি সিদ্ধাচার্যের ভাষাকে আদর্শ হিসাবে গ্রহণ ক'রে থাকবেন। সেকালে প্রাচীন বাংলার সঙ্গে পাশ্রবিতা অন্যান্য প্রদেশের ভাষার পার্থক্য খ্রু বেশী ছিল না বলে তাঁদের পক্ষে প্রাচীন বাংলায় পদ রচনা সহজ্ঞেই সন্তব ছিল।

এই পদকতাদের সম্পর্কে মন্তব্য করতে গিয়ে ডঃ স্কুমার সেন লিখেছেন-'কুরুরীপা ও ঢেন্ডণপা নাম দুইটিতে গ্রেগোরবস্চক 'পা" ধাকায় এই নামাঙিকত চর্যাগর্মল সিদ্ধাচার্যস্থয়ের অজ্ঞাত্রপ্রাম্প ভত্তের রচনা বলিতে হয়। চাটিল ভনিতার চ্যাটিও তাঁহার কেন্ত্রিশব্যের-সম্ভবত ধামের রচনা। তাড়ক ও কংকণ এ দৃইটি চ্যাকতার প্রিম নয়, ছংমনাম অথবা উপাধি। তাড়, কাঁকণ, হার, মকুট প্রভৃতি ভৃষ্ণ্ উপহারধোণে সেকালে কবি গণেীকে পরেণ্কত করার রীতি ছিল। উপহার-জর্ম-ভ্রণ-অন্সারে কবিরাও উপাধি বা নামান্তর ব্যবহার করিতেন। ডোম্বী ও তম্বী জাতিবাচক নাম হইতে পারে। যেমন সম্ভবত দোহা-রচয়িত। তীল বা তীল্লো।...চাটিল নাম তিব্বতী ঐতিহ্যে একে-্বারে অজ্ঞাত। এই নামে চ্যাটি পাইরাছি তাহা চাঠিলের রচনা হওয়া সম্ভব নয়, কেননা যত উচ্চন্তরের হোক না কেন কোন চ্যাকতহি নিজেকে অনুতর-স্বামী গরে, বলিয়া জাহির করিবেন না। সতেরাং গানটি চাটিলের কোন ভক্ত শিষোর রচনা, যিনি পারগামী লোককে চাটিলের উপদেশ লইতে আহ্বান করিয়াছেন। ধ্রবপদে আছে - ধামার্পে চাটিল সান্তম গঢ়ই। ধামার্থে - কথাটির ব্যাখ্যা মানিদত্ত করিয়াছেন-ধমার্থাং স্বঞ্চক্ষণ ধারণাং ধর্মাঃ ঘটপটন্তভক্তা বিভতবিকার:। এ অর্থের কোন সঙ্গতি নাই। মনে হয় এথানে ধাম ব্যক্তিবিশেষের নাম, চাটিলের শিষ্য, মুখাত যাহার উত্তরণের জন্য চাটিল সাঁকো গড়িয়াছেন, সে সাক্ষায় আরে। অনেকে প্রচ্ছদে ভবসাগর পার হইয়া বাইতে পারে। এই ব্যাখ্যা স্বীকার করিলে চ্যাটি ধ্ম'পাদের রচনা হয়।'২১

হরপ্রসাদ শাক্ষী আদি পদকত'। হিসেবে লাইপার নাম উল্লেখ করেছেন। চর্যাপদের প্রথম চর্যাটি লাইপার। এতে মনে হ'তে পারে চর্যাগীতিকাগালির সংগ্রাহক লাইয়ের প্রাচীনত্ব সম্পর্কে সচেতন ছিলেন। সাকুমার সেন মনে করেন—'লাই অভিসময়ের বই লিখিয়াছিলেন। আর কোন চর্যাকতা বা বৌদ্ধ তান্দ্রিক সিদ্ধাচার্য বিশাদ্ধ বৌদ্ধ দর্শনের বই লিখেন নাই। এখানেও লাইয়ের প্রাচীনত্বের প্রমান।'

লাইপার প্রাচীনত সম্পর্কে কেউই সন্দেহ প্রকাশ করেন না। তবে অন্যবিধ প্রমাণের সাহায়ে। তঃ মাইম্মদ শহীদালাহ দেখিয়েছেন শবরপাছিলেন লাইপার গা্র, এবং কিঞ্চিং পা্ববিত্তী। ১৬ তাই শবরপাকেই প্রথম রচিয়তা মনে করা যেতে পারে। তারপরই অবশ্য লাইপা।

সর্বশেষ চর্যা রচিয়তা কে বলা শক্ত। দুরিকপাদ লাইপার শিষা ব'লে কথিত আছে। কিন্তু দারিকপাদ তিব্বতী ক্রিইণ্ড অনুসারে দীক্ষা-গ্রহণের পরেব ছিলেন রাজা ইন্দ্রপাল। আর ক্রিইপাল নামে একজন রাজা ছিলেন বামর্পে, ১০৩০ খানিঃ তিনি সিংহালনে বসেন। ই এই রাজা ইন্দ্রপালই যদি দারিকপাদ হন তবে তিনি ক্রেইপার শিষা হ'তে পারেন না। লাইপার শিষা হ'তে গেলে তার জীবনকাল অনেকথানি প্রের্বর হয়ে পড়ে। অতএব দারিকপাদ সঠিক জীবনকাল নিধারণ করা শক্ত। সেই হিসেবে সরহপাদকেই আমরা শেষ চর্যারচিয়তা ব'লে মনে করতে পারি। তিনি কামর্পের রাজা রম্বপালের (১০০০—১০০০ খানিঃ) দীক্ষাগারে ছিলেন।

॥ छान्तिक नाधना ७ हर्या भग।।

চর্যাপদগৃলি বৌদ্ধ সহজিয়াদের সাধন পদ্ধতিমূলক এক প্রকারের গান।
কিন্তু যে ভাষায় ঐ সাধন পদ্ধতি বিশিত হয়েছে সহস। তা ব্রুবার উপায়
নেই। ঐ ভাষাকে তাই নাম দেওয়া হয়েছে সদ্ধাভাষা। সর্বন্ধই একটা
অপপণ্টতা; কিছু, ব্রুঝা যায় কিছু, ব্রুঝা যায় না। সে জনা অনেক টাকা
টিপদনী ও ব্যাখ্যার প্রয়োজন হয়। এখানে মনে রাখা প্রয়োজন য়ে, চর্যাপদের
ম্লা আমাদের কাছেই ঐ জাতীয় গুড় ধর্ম-কথার জন্য নয়। কেবল ভাষা ও
সাহিত্যের প্রয়োজনেই চর্যাপদ আমাদের কাছে আদ্রশীয়। হয়প্রসাদ

১৪ চৰ'াগীতিকা

শাস্থাী বলেছেন 'সন্ধ্যাভাষার মানে আলো অ'াধারি ভাষা কতক আলো, কতক অন্ধার, খানিক ব্রুঝা যার, খানিক ব্রুঝা যার না। অর্থাণ এই সকল উ'চু অঙ্গের ধম'কথার ভিতরে একটা অন্য ভাবের কথাও আছে। সেটা খ্রালিয়া ব্যাথ্যা করিবার নয়। ষাঁহারা সাধন ভজন করেন, তাঁহারাই সে কথা ব্রেঝিবেন, আমাদের ব্রিঝয়া কাজ নাই। আমরা সাহিত্যের কথা কহিতে আসিয়াছি, সাহিত্যের কথাই কহিব। বিশ্লাশ্রী মশায়ের এ দ্ভিউজসীর সঙ্গে আমরা সম্পূর্ণ একমত। তব্ এখানে কোত্হলী পাঠকের জন্য সংক্ষেপে কিছ্বলা যাছে।

তিত্ত বস্তুত কোনো দার্শনিক মত নর, কতকগৃংলি আচারের সমষ্টি। সেই তত্ত্বাচার আদিতে হিত্প, বা বৌদ্ধ কোনো ধর্মের সঙ্গেই যুক্ত ছিলনা, হিত্প, বৌদ্ধাদি ধর্মের সঙ্গে তার যোগ পরবর্তীকালের। মহাযানী বৌদ্ধ ধর্মের সঙ্গে এইভাবে সংযাক হয়ে তালিক বৌদ্ধাদ্যে উত্তিত হয়েছিল।

'Tantricism is neither Buddhist nor khadu in origin: it seems to be a religious under current, originally interpendent of any abstruse metaphysical speculation, flowing on from an obscure point of time in the religious history of India. With these speculations and yogic proceesses, which characterise tantricism as a whole, different philosophical, or rather, theological systems got closely associated in defferent times, and the association of the practices with the fundamental idias of Mahayana Buddhism will explain the origin and development of Tantric Buddhism.' ? §

মহাযানী বৌদ্ধদের মতে শ্নাতা ও কর্ণার মিলনে বোধচিত্ত উৎপল হয়, আর বোধিচিত্ত লাভের মধ্য দিয়ে উপনীত হওয়া যায় বোধিসত্ত্বাবস্থায়, তারপর কমে ব্রুক্ত লাভ হয়। পাথিব কোনো বস্তুর নিজপ্র কোনো বরর্প বা ধর্ম নেই, সকলি অন্তিত্ববিহীন — এই জ্ঞানই হচ্ছে শ্নাতা-জ্ঞান। কর্ণা হচ্ছে সকল পাথিব জ্লীবনের ম্বিত্তর জন্য আকৃতি। শ্নাতা-জ্ঞানের সঙ্গে এই ম্বিত্তর আকৃতি মিশ্রিত হয়ে অভিন ভাব প্রাপ্ত হ'লেই বোধিচিত্ত উৎপল হয়। এই শ্নাতা ও কর্ণা বৌদ্ধসহজিয়াদের প্রজ্ঞা ও উপায়ে পরিণত হয়েছে এবং প্রজ্ঞা ও উপায়ের মিলিতাবস্থা হয়েছে একটি পরম স্বেময় অদ্য অবস্থা—এই অবস্থাই মহাযানী বৌদ্ধদের বোধিচিত্ত। এই প্রজ্ঞা এবং উপায়ই পরবর্তী প্রণায়ে তত্তশান্তের ইড়া-পিঙ্গলার সঙ্গে অভিন্ন হয়ে

গেছে এবং চন্দ্র-স্থ', গঙ্গা-ব্যন্ত্রা, লালনা-বসনা, নাদ-বিন্দ্র, আলি-কালি প্রভৃতি নানা নামে অভিহিত হয়েছে।

একণে তত্তের সাধন-প্রণালী লক্ষ্য করলে দেখা যাবে, একই ব্যাপার ভিম্ননামে সহজ্বানী বৌদ্ধদের মধ্যে রয়েছে। প্রথমে এই তাল্ফিকদের মলে কথাগনিল জানে নেওয়া প্রয়োজন। তাল্ফিকদের মতো সত্য বিরাজিত জামাদের দেহের অভ্যন্তরে। এই দেহ যেন বিপন্ন বিশ্বরুশ্বান্ডের প্রতিমন্তি। বাইরের জগতের চন্দ্র-স্বর্থ, স্মের্-কুমের্, গঙ্গা-ব্যানা প্রভৃতি যাবতীয় তত্ত্ব তাল্ফিকরা দেহের মধ্যে দেখতে পান। দেহ তাদের কাছে ব্রহ্মান্ড। তাল্ফিকদের মন্ন কথাটি হচ্ছে— এই দেহই সত্যের মন্দির, সকল তত্ত্বের বাহন। ইহাকেই যন্দ্র করিয়া ইহার ভিতরেই সকল তত্ত্ব আবিশ্বার করিয়া ইহার ভিতরেই শিব-শক্তির মিলন ঘটাইতে হইবে। নিজের ভিতরে এই শিব শক্তির মিলনের ঘারা সত্য প্রতিষ্ঠা হইলেই বিশ্ববন্ধান্ডের ভিতরে এই শির শক্তির মিলনের ঘারা সত্য প্রতিষ্ঠা হইলেই বিশ্ববন্ধান্ডের ভিতরে এই হির ভিতরেই স্বর্ধান্ড হইতে ফিরিয়া আসিতে হইবে দেহভান্ডে, ইহাই তান্ত্রিক সাধ্যুক্তি প্রথম অঙ্গ। বিশ্

তালিকদের মতে দেহের স্থেদিন্ড হচ্ছে মের, পর্বত। এর উত্তরাংশ অথণি উধর্শভাগে রয়েছে স্ক্রের, এবং কুমের, হচ্ছে সর্বনিদ্রে। স্মের্তে সহস্রার এবং কুমেরতে ম্লাধার চক্র অবস্থিত। ম্লাধার চক্র সার্ধ-রিবলিত কুন্ডলীর মধ্যে কুলকুন্ডলিনীর্গেণী শক্তি স্ম্রপ্তা—এই নিচিতা শক্তিকে যোগসাধনার দারা জাগাতে হবে এবং সেই সংধনা বলে তাকে উধ্বাভিম্বেধ নিয়ে যেতে হবে—বিভিন্ন চক্র অতিক্রম ক'রে সহস্রারে শিবের সঙ্গে মিলন করাতে পারলেই সাধক অন্বরসত্য লাভ করবে। এখানে বিভিন্ন চক্র অর্থে ম্লাধার ও সহস্রারের মধ্যবতা পাঁচটি চক্রের কথা বলা হচ্ছে। তান্তিকগণ দেহের বিভিন্ন অংশে ক্রেকটি চক্রের নিদেশি করেছেন। যেমন গ্রেগেশ ও জননেন্দ্রিরের মধ্যভাগে ম্লাধার চক্র, জননেন্দ্রিরের ম্লে স্বধিন্টান চক্র, নাভিতে মণিপ্রে চক্র, হদ্যে অনাহত চক্র, কন্টে বিশ্বন্ধ চক্র, দ্রুরয়ের মধ্যভাবে, মতান্তরে তাল্তে আজ্ঞা চক্র, পরিশেষে মন্তিন্ক দেশে সহস্রার।

তান্ত্রিক কায়াসাধনার আর একটি দিক হচ্ছে, দেহের নাড়িকে সংবত ক'রে সাধনার পথে অগ্রসর হওয়া। বাম দিকের ইড়া নাড়ি এবং ভান্ দিকের পিলনা নাড়ি বথাক্রমে শক্তি ও শিবর্পে কলিপত হয়, এদের মধ্যবতী হচ্ছে স্মৃত্না। এই ইড়া-পিকলার মধ্য দিয়ে প্রবাহিত অপান ও প্রাণ বায়কে যোগ-সাধনার দারা স্মৃত্নাতে এনে মিলিত করতে হবে। তারপর সেই স্মৃত্না-পথে তাকে উধ্বভিম্থে পরিচালিত ক'রে সহস্রারে নিয়ে যেতে হবে। এখানেও যারাপথে সেই ঘট্চক্র অতিক্রম করার ব্যাপার আছে।

প্রেই আমরা বলেছি, মহাধানী বৌদ্ধরে শ্নাতা ও কর্ণা সহজ্ঞানী বৌদ্ধনের প্রজ্ঞা ও উপায়ে পরিণত হয়েছে। এই প্রজ্ঞা ও উপায়ই ললনা ও রসন। নাম নিয়ে পরবতী পর্যায়ে ইড়া-পিঙ্গলার সঙ্গে অভিন্ন হয়ে গেছে এবং বোধিচিত্ত অব্ধাতিকারাপে শেষ পর্যন্ত অভিন্ন কলিপত হয়েছে সায়-মান मह्म। এই ननना-तमना-व्यवदृष्टिका नाना विकित त्र्भत्क व्यविद्व व्यापा-প্রকাশ করেছে দেখতে পাই। **ছিন্দ্-তল্যের অনুক্র**ণে বৌদ্ধত**েত্ত**ও চক্র কল্পিত হয়েছে-তবে এখানে চক্রসংখ্যা ছয় নয়, চ্যেটি এখানে প্রথমে নিমাণ চক্র, তারপর যথাক্রমে ধর্মচক্র, সম্ভোগ চক্রুক্ত্মিহাস্থ চক্র। হেব**জুত**ন্ত অন্সারে জননে । ত্রু বাভি পর্যন্ত ক্সনে ইচ্ছে নির্মাণচক্র। হৃদয়ে ধর্মচক্র ও কল্টে সভোগ চক্র অবন্থিত। অতঃপ্রেম সব'লীবে' মন্তকে স্থাপিত মহাস্থেচক্র। তাহ'লে দেখতে পাচ্ছি, নির্মাণচক্র একই সঙ্গে হিন্দু,-তন্তের মূলাধার, স্বাধিন্ঠান ও মণিপরে-এই তিন চক্রে ব্যাপ্ত হয়ে রয়েছে। এই তিনটি চক্রই হচ্ছে প্রব্যত্তির রাজ্য। পরবর্তী অনাহত চক্র থেকেই নিব্যত্তির রাজ্য শ্রেষ্ট বৌদ্ধতন্ত অনুসারেও, ললনা ও রসনার মিলনে যে বোধিচিত্ত উৎপল্ল হয়, নিমণিকারে অবস্থান কালে সে হচ্ছে সংবৃত বোধিচিত্ত—এই বোধিচিত্তের স্বভাব চণ্ডল এবং নীচের দিকে ধাবিত হওয়ার প্রবণতা থাকে তার। যোগ-সাধনা বলে একে উধর্বগামী করতে পারলে সে রূপান্তরিত হয় পারমার্থিক বোমিচিত্ত। এই পারমাথিক বোধিচিত্তই চ্যাপদে সহজস্বন্দরী, নৈরামণি, নৈরাজাদেবী প্রভৃতি নামে উল্লেখিত হয়েছে। আমরা প্রভ্যেকটি পদের নীচে এ সম্পকে ব্যাখ্যা লিপিবদ্ধ করেছি ব'লে এখানে সে সবের পানরক্ষেথ নিম্প্রয়োজন।

পাঠকের স্বিধাথে তান্তিকদের সাধনা-পদ্ধতি একটি রেখাচিত্রের সাহাব্যে এখানে দেখানো হ'ল।

॥ उत्त मर्भन ॥

মণীন্দ্র মোহন বস, লিখেছেন চেবার ধর্মতিক প্রধানতঃ দার্শনিক মতবাদের উপর প্রতিষ্ঠিত'।^{২৮} কথাটি সম্প্রণ'সত্য নর। তবে এরকম ধারণায় উপনীত হওয়ার পেছনে কিছু, কারণ আছে। কয়েকটি চর্যার পদকতাগণ তাদের ব্যব্য কোনো পারিভাবিক শশ্বের সাহায্য বাতিরেকেই প্রকাশ করেছেন। ২৩ জন পদ-কতার- মধ্যে মাত্র তিন জন পদকতাকে আমরা পাই যাঁরা তাঁদের পদে কোনো প্রকার পারিভাষিক শব্দ কিংব। আদি রসাত্মক রূপক ব্যবহার করেননি। সেখানে দর্শনের দিক থেকে তাঁদের পদের একটা ব্যাখ্যা দাঁড করানো যেতে পারে। কিন্তু অবশিষ্ট চ্যারচয়িতাগণ যে মূলতঃই তান্ত্রিক ছিলেন এবং ভন্ত সাধনার কথাই প্রচার করেছেন তাতে সন্দেহ নেই। তন্তের পারিভাষিক শব্দ আলি-কলি, এবং রবি-শশী, প্রভৃতির প্রয়োগ কারো দ্ভি এ্ছুবার নয়। এই সকল তাল্তিক পরিভাষার ব্যাখ্যা দিতে গিয়ে মণীণ্ড মেঞ্জি বস, লিখেছেন—'মহাযান-মত দার্শনিক তত্ত্বের উপরেই প্রতিষ্ঠিত হইটেউল, কিন্তু পরবর্তী বছ্রযানে তান্তি-কতা প্রবেশ করিয়াছে। এইজনা ক্রিকাংশ চর্যাতে দার্শনিক তত্ত্বের আলোচন। থাকিলেও প্রতাক্ষ অন্ভৃতির ক্রুনী মধ্যে মধ্যে তাত ও যোগের উল্লেখ রহি-রাছে।' 🍑 অর্থাৎ মণীন্দ্র মোহন বসুরে মতে তন্ত্রের প্রভাবে চ্যাগর্নিতে দ্র'চারটে পারিভাষিক শব্দের অনুপ্রবেশ ঘটেছে মাত্র, কিন্তু দার্শনিক তত্ত্বের উপর প্রতি-ণ্ঠিত মহাযান মত এগর্নিতে ঠিকই আছে।

এ কথার জবাবে ডঃ শশীভ্ষণ দাশগুরের এই কথাগুলি সমরণ করা যেতে পারে, 'বৌদ্ধ সহজিয়। বলিয়। যে সম্প্রদায়টি আমাদের নিকটে বিশেষ পরিচিত একটু বিচার বিশ্লেষণ করিলেই দেখিতে পাইব, ধর্মত সম্বদ্ধে তাঁহার। যতই শ্নাবাদী এবং বিজ্ঞানবাদী মহাযান বৌদ্ধদের মত কথা বল্ননা কেন, মুলে তাঁহার। তালিক ।''॰

প্রকৃত ব্যাপার এই যে, চ্যাগ্রির রচনাকাল কয়েক শতাবদীতে পরিব্যাপ্ত। জ্বার বৌদ্ধ ধর্মের মধ্যে যে তব্যাচার অনুপ্রবিষ্ট হয়েছে সেতাে কোনাে একটি বিশেষ দিনের ঘটনা নয় -দীঘাদিন ধারে ধীরে ধীরে তা হয়েছে। কথাটা কালের দিক থেকে যেমন সতা বালিবিশেষের দিক থেকেও তেমনি সতাঃ।

অতএব সকল রচনায় তাশিষ্কতার প্রভাবে যে সমান হবে—এটি আশা করা যায় না। কিন্তু একটি কথা ঠিক যে, একই জাতের পদ না হ'লে চর্যাগীতিকোষের মধ্যে তা সংকলিত হ'ত না। মতাদর্শ ও আচরণের দিক থেকে প্র্রেক্ত পদগ্রনি একতে সংকলিত হবে—এটা সে ব্বেগ আশা করা যায় না। তবে একটি কথা স্বীকার করতেই হবে যে, বশিক্রণ, মারণ, উচ্চাটন প্রভৃতি তাশিষ্ক ক্রিয়াকলাপ চর্যাপদে নেই। এটা না থাকার ব্যাখ্যা নানা ভাবে হ'তে পারে, কিন্তু এগ্রেলির অভাবেই কেবল একথা বলা যায় না যে, চর্যাপদ ম্লেতঃই দর্শন-ভিত্তিক এবং এর রচয়িতারা তাশ্যিক ছিলেন না।

।। ভাষা প্রসঞ্চ ।।

চ্যাগীতির ভাষা বাংলা—এ কথা সকলেই বে একবাক্যে স্বীকার করেছেন এমন নয়। কিন্তু ভাষা বিচারের বৈজ্ঞানিক প্রিমিউভাঙ্গ প্রয়োগ করলে একে বাংলা ছাড়া আর কিছুই বলা বাবে না ু এ কথা ঠিক বে, কোনো কোনো চর্যার এমন কিছু, শব্দ ও পদ পাওরু বায় বা আসামী, উড়িয়া, বা হিন্দী ভাষার কথা স্মরণ করিয়ে দেবে বিক্তু সেই ধরনের দু একটি বৈশিণ্টা ছারা সমগ্র রচনার জাতি-বিচার সন্থিত নয়। ভঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, ডঃ মুহম্মদ শহীদ্লোহ্ প্রমুখ পন্ডিতগণ দেখিয়েছেন, চ্যাপদের ভাষা মুলতঃই বাংলা। তবে ডঃ শহীদ্লোহ্ কেবল শান্তিপাদ ও আর্যদেব সম্পর্কে বলেছেন—তাদের ভাষা যথাদ্রমে মৈথিলী ও উড়িয়া হ'তে পারে। কিন্তু অন্য সকল পদকতরি ভাষা নিঃসন্দেহে বাংলা।

এ সিদ্ধান্তের বিরুদ্ধে অনেকেই প্রতিবাদ জানিয়েছেন, কিন্তু বৈজ্ঞানিক দ্ভিতিঙ্গির পরিচয় দিতে পারেননি। ডঃ সুকুমার সেন এ সন্পর্কে ভারি চমংকার মন্তব্য করেছেন—''বাংলার প্রতিবেশীরা এখন চর্যাগীতি লইরা রীতিমত মামলা বাধাইয়াছেন। হিন্দীভাষা, মৈথিলীভাষা, উড়িয়াভাষা,—ইহারা সবাই দাবী করিতেছেন যে, চর্যাগীতের ভাষা হিন্দী, মৈথিলী এবং উড়িয়া, মোটকথা বাংলা কিছ্তেই নয়। এই দাবীদারেরা জানেন না, কিংবা জানিয়াও জানেন না যে, নবীন ভারতীয় আর্যভাষার প্রথম শুরে সর্বার মোটান্টি মিল ছিল, এক আধটি শব্দ বা পদ লইয়া বিচার করিলে

প্রথম ন্তরের যে কোন ভাষাকে অপর ভাষা বলিয়া দেখানো খুব সহজ।
'তেহনউ পিতা নগরি চালিউ আহীরহ' সরিসউ ঘী বিক্রয় করিবা কারণি'—
প্রাচীণ গ্রেরাটী রচনা হইতে উদ্ধৃত এই বাক্য 'ঘী বিক্রয় করিবা' পদগ্লিল
বিশ্বেল বাংলা, তাই বলিয়া কি সমস্ত বাক্যটিকে বা সমগ্র রচনাটিকে বাঙ্গালা
বলিয়া দাবি করিব ১০০১

এ ধরণের দাবির অযোজিকতা প্রমাণ করবার জন্য ডঃ মৃহদ শহীদ্রাহ একবার করেকটি বিতক উথাপন করে একটি স্ফার আলোচনার স্বেপাত করেন। তিনি আলোচ্য বিষয়কে এই ভাবে সাজিয়েছিলেন— (১) ইহা কোনও ভাষা নয়; একটি কৃত্রিম খিচুরি ভাষা। (২) ইহা অপস্রংশ। (৩) ইহা হিদ্দী। (৪) ইহা মৈথিলী। (৫) ইহা উড়িয়।। (৬) ইহা আসামী। (৭) ইহা বাঙ্গালা। ত্বিলাগেষে সমস্ত বিষয় পর্যলোচন। ক'রে তিনি চ্যার ভাষাকে 'প্রাচীন বঙ্গ-কামর্পা ভাষাকিলাই সঙ্গত, মনে করেছেন। স্কুমার সেনও বলেছেন—চর্যাপদের উপ্রে অসমীয়াভাষীদের দাবি অযোজিক নয়, কেনন। ষোড়শ শতাবদী অবধি দ্বাতিভাষায় বিশেষ তফাং ছিলনা। ত্বি

हर्याभन बाला डावाबरे आहीनक्युजिनमान

চ্যাপদের মধ্যে এমন কতকগালি বৈশিশ্টা লক্ষ্য করা যায় যার দ্বারা বর্ঝা যায়, এগালি বাংল। ভাষারই প্রাচীনতম নিদশন। বৈশিশ্টাগালি একে একে উল্লেখ করা যাছে—

- (১) 'ইল' প্রতায় যোগে অতীকালের ক্রিয়াপদ ও বিশেষণ; যথা- কানেট চোরে নিল (২), বাটত মিলিল মহস্বহ (৮), মইল রঅণি (২৩), দুহিল দুধে (৩৩) ইত্যাদি।
- (২) 'ইব' প্রতায় যোগে ভবিষ্যংকালের ফ্রিরাপদ; যথা তো এ সম করিব মো সাজ (১০), মই ভাইব কীস (১৯), শাখি করিব জালদ্ধরি পাএ (৩৬ ইত্যাদি।
- (৩) 'ইয়া' 'ইলে' যোগে অসমাপিকা; যথা— মণিকুল্ডলে বহিজা অড়িজাণে সমাই (৪), রাণ দেস মোহ লইজা ছার (১১), সাঞ্কমত চড়িলে…
 (৫) ইত্যাদি।

- (৪) ৬ টার চিহ্ন হিসেবে 'এর' ও 'র' বিভান্তর ব্যবহার; যথা রুথের তেন্তলী (২), হরিশির নিলম্ম (৬), ডোম্বী-এর সঙ্গে জেই রস্ত (১৯) ইত্যাদি।
- (৫) তৃতীরার 'ডে'' (তে) বিভক্তি; যথা—স্থ দ্থেতে' (১). সব্জ্ব বিআরেতে' (১৫) ইত্যাদি। চতুথাঁতে 'রে' (র) বিভক্তি; যথা—সে। ব্রেউ রস রসানেরে কংখা (২২) ইত্যাদি।

সপ্তমীতে 'ত' 'তে' (তে'), 'এ' বিভক্তি; যথা – দশমি দুআরত চিহ্ন দেখিআ (৩), বাটত মিলিল মহাসূহ (৮), দু আতে চিখিল মাঝে'ন থাহী (৫) ইত্যাদি।

- (৬) কারকে বিভক্তির পরিবতে অনুসংগ্রের ব্যবহার; যেমন—করণ কারকে 'দিআ', 'সাঙ্গে'—চারি বৃত্তি গড়িলারে দিআঁ চণ্ডলী (৫০); দ্বুজ্জণ সাঙ্গে অবস মরি ছুট্টে (৩২)। অধিকরণ কারকে 'নাঝে' …গঙ্গা জউনা মাঝে' রে, বৃত্তি নাঈ (১৪)।
- (৭) আধ্নিক বাংলায় ধৈর্মন শ্না বিভক্তি একাধিক কারকে ব্যবহত হ'তে দেখা যায়, তেমনি চ্যাপদেও একাধিক কারকে শ্না বিভত্তির ব্যবহার লক্ষণীয়। যথা
 - কত্'কারকে কাআ তর্বর পাণ্ড বি ডাল (১)
 - কম' কারকে দি তৃ করি মহাসাহ পরিমাণ (১)
 - করণ কারকে বাঢ়ই সো-তর, স্ভাস্ভ পাণী (৪৫)
 - অধিকরণ কারকে—বৈচিল হাক পড়ই চৌদীস (৬)
- (৮) থাকা অথে আছ্ এবং থাক্ ধাতুর ব্যবহার, যেমন—কাহেরে ঘেনি মেলি আছহ; কীস (৬), গ্রুবঅণবিহারে রে থাকিব তই ঘৃত কইসে (০৯)।
- (৯) বহুভাষণের (Periphrasis) সাহায্যে কর্মভাববাটোর অর্থ প্রকাশ, যেমন—দলি দুহি পীঢ়া ধরণ ন জাই (২)

- (১০) শব্দ ব্যবহারের ক্ষেরে এমন করেকটি বিশিষ্ট প্রয়োগ এখানে লক্ষ্য করা যার যেগালি বাংলা ছাড়া অনাত্র দেখা যায় না। যেমন—ভাস্তি ন বাসসি (১৫), কহণ ন জাই (২০), আহার কএলা (৩৫) ইত্যাদি।
- (১১) আধ্নিক বাংলার সন্ধির সূত্র চ্যাতেও প্রযুক্ত হ'তে দেখা বায়; যেমন—অজরামর (অজন + অমর), ভাবাভাব (ভাব + অভাব) ইত্যাদি।
- (১২) আধ্ননিক বাংলার মতোই চর্যাতেও বহুত্ববাচক প্রভায়ের পরিবর্তে বহুত্ববাধক শব্দের ব্যবহার লক্ষ্য করা যায়; বেমন— সঅল সমাহিত্য (১), ছড়গই সঅল (৯) ইত্যাদি।
- (১৩) একই শব্দ দ্বার ব্যবহার ক'রে বহ্বচনের অথ' প্রকাশিত হয়েছে; যথা—উষ্ণা উষ্ণা পাবত (২৮)।
- (১৪) প্রবচন জাতার শব্দ-সমৃতি বিস্তেতিবৈ বাংলার ঐতিহাকেই স্মরণ করিয়ে দেবে যথা—অপুরুতিমাংসে, হরিণা বৈরী (৬), হাথেরে কান্কন মা লোউ দাপুরুতিই), হাড়ীত ভাত নাহি নিতি আবেশী (৩৩), বর সংণ প্রেইলী কি মো দঠে বলদে (৩১) ইত্যাদি।

চর্যার ভাষায় অপভ্রংগের প্রভাষ

উপরিউক্ত লক্ষণগৃলি অব্ধাবন করলে একথা স্পণ্ট প্রতীয়মান হয় যে, চ্যা-পদের ভাষা বাংলা ছাড়া কিছুই নয়। তবে এক্ষেত্রে স্মরণ রাথা প্রয়োজন যে, অর্বাচীন অপক্রংশের প্রভাবও চর্যার ভাষার কিছু, কিছু, রয়েছে। এই প্রভাবের দুটি কারণ নিদেশি করা যেতে পারে।

প্রথমতঃ মনে রাখা প্রয়োজন যে, কোনো ভাষার পরিবর্তন একদিনে ঘটে না। জনেকদিন ধ'রে একটা ভাষার ধর্নি ও প্রকাশ ভঙ্গিতে পরিবর্তন আসতে আসতে কালক্রমে তাকে অন্য ভাষার র্পান্তরিত ক'রে দের। চর্যাপীতিসমূহ যে সমর রচিত হয় সে সমর বাংলা ভাষা অপভংশের মোলিকর্প ত্যাগ করেছে বটে কিন্তু ভার সঙ্গে একেবারে সংপ্রকৃতি হয়নি। ধীরে ধারে করেক শতাশ্দী ধ'রে

চগগীতিকা ২২

পরিবত'নের মধ্য দিয়ে বাংলা বখন অপভ্রংশ থেকে নবীন আর্য ভাষায় রূপান্তর লাভ করেছে তখনও তার নিজ্বন্ব বৈশিষ্টসমহের আশে পাশে ছিটে-ফোটা অপ্-ভ্রংশের প্রভাবও এই ভাষার উপর থেকে গিয়েছিল। চর্যাপদের উপর অপভ্রংশের প্রভাবের কারণও এইখানেই।

দ্বিতীয়তঃ সে সময় সংস্কৃতের পর স্বাপেক্ষা প্রভাবশালী সাহিত্যিক ভাষা ছিল অপভ্রংশ। চর্যাপদকতাদের অনেকে আবার অপভ্রংশেও পদ রচন। করেছেন: এই কারণে তাঁদের বাংলা রচনাতেও অপশ্রংশের প্রভাব পরিলক্ষিত হয়। এক্ষণে চর্যার ভাষায় অর্থানীন অপস্রংশের প্রভাব কিভাবে রয়েছে সেটা লক্ষ্য করা যাক—

- (১) জন্, তস্, অইসন, জৈসন, জিম, তিম, কইসে, জইসোঁ প্রভৃতি শব্দে অপভ্রংশের স্মৃতি স্ক্রুপে বিজ্ঞিত হয়ে রয়েছে।
- (२) निरुष्टेश के ज्यारा भा' मास्मन वास्क्रीते। एयम मा रहाहि।
- (৩) কৃচিং যুক্ত বাজনের উপশ্ছিতি বিষন অচ্ছিলে , চোকোটি, সংপ্রা।
 (৪) কতার উ'বিভার শেক্তি গতঃ >গও >গউ।
- (৫) 'ইউ' দার। অতীতকার্লের পদ নিম্পাদন, যেমন ত্যোডিউ।
- (৬) '-মি' বিভক্তি যুক্ত উত্তম প্রেরুষের কিয়া: ষেমন-পীর্বায়, প্রছমি।
- (৭ জব, তব, কইস ইত্যাদি সর্বনামজ্ঞাত ক্রিয়া-বিশেষণ।
- (৮) মাত্রাম্লক ছন্দ ও ছন্দের মাত্র মূলকভা (বিশুত আলোচনার জন্য 'इन्न'-अक्षाय मुच्चेवा)।

এখানে সমরণ করা যেতে পারে যে, অপদ্রংশের এইসব লক্ষণের ছিটে ফোট। পরবর্তীকালে বড়ু, চন্ডীদাসের রচনাতেও লক্ষ্য করা যায়, যেমন—'জৈসাণে রতি জাণিবোঁ তেসাণে কাহু আনিবোঁ"।

এ ছাড়া 'ভণথি' ও 'বোলথি' - এই দুটি ক্রিয়াপদে মৈথিলী ভাষার প্রভাব লক্ষ্য করা যাবে। এ সম্পর্কে একজন সমালোচকের মন্তব্য এখানে উদ্তিযোগ্য -'ইহা যদি ভণস্তি, বোদস্তি হইতে আগত না হয় তবে নিতাত্তই লিপিকর প্রমাদ; কারণ চ্যাপিদগ;লির অনুলিপি হইয়াছিল নেপালে, সেখানে মৈথিল ভাষার ব্যবহার ও চর্চা ছিল। সাতরাং এইরপে দুই একটি মিশ্রণ খুবই স্বাভাবিক।""8

চর্যাপদের ভাষার ব্যাকরণগত বৈশিন্ট্য

পরেবতা আলোচনাতেই চর্যাপদের ভাষার ব্যাকরণগত কিছু কিছু বৈশিষ্টা আমরা লক্ষ্য করছি। এখানে অবশিষ্ট লক্ষণগালি উল্লেখ করা सार्टा ।

- (১) যুক্ত বাঞ্চন প্রাকৃতে সমীভূত হওয়ার পর চর্যায় এসে সরল হ'ল এবং তার প্রে'বর্তী হুস্বন্ধর দীর্ঘ হ'ল। ধথা জাম <জন্ম <জন্ম, धाम < धम्म < धम्म देखानि। ज्यवंगा जर्ध-ज्यम गर्गन या व ग्रञ्जन काथा छ কোথাও থেকে গেছে; বেমন-দ্রুকন্থ ব্রুক্তিক্ষা, মিচ্ছা ব্যিথ্যা ইত্যাদি।
- (২) পদান্তের স্বরধর্ণনি বজায় ছিল্ল, ভিত্রে যুক্তস্বর 'ইঅ' ('ইআ') বহু, কেতে ঈ ('ই')-কারে পরিণত ব্রুক্তিই; যেমন—ভণ্ই ব্রুণতি, পোথী ব্পোথীআ>পত্তিক।। (৩) য়-প্রতি ও ব-প্রতি বিদ্যমান ছিল; যেমন নিয়ন্তী বিদ্যমান
- আবই<আয়াতি।
- (8) वाःलाव म-य-म. জ-य किःवा न-ग-वत मध्य द्वाता छेकातगः বৈষম্য কিছু নেই। চর্যার আদর্শ পর্থি লিখিত হ্বার সময় এই উচ্চারণ-পার্থক। লাপ্ত হয়ে গিয়েছিল ব'লে মনে হয়। সেজন্য বানানে এই সকল বর্ণ-ব্যবহারে কোনো সংস্পট নিয়ম মেনে চলা হয়নি। মন মণ দু,'রকম বানানই পাওয়া যাছে। ৫০ সংখ্যক চর্যাতে শ্বরাশবরি, স্বরো, ব্বরালী প্রভৃতি বানান লক্ষ্য করা যায়।
- (৫) হৃদবদ্বর এবং দীর্ঘাদ্বর ব্যবহারের কোনো নিম্নম লক্ষিত হয় না— পঞ্চ-পাণ্ড, উজ্ব,-উজ্পু প্রভাতি বানান পাওয়া যাচ্ছে।
- (৬) চর্যাপদের ভাষায় ফ্রীলিক-প্রংলিকের পার্থকা বহুক্ষেত্রে রক্ষিত হয়েছে, (আধ্যনিক বাংলায় এক বিশেষণ পদ ছাড়া অন্যৱ এ পার্থক্য দেখা बाग्न ना)। উদাহরণ-

সাধারণ বিশেষণ— একেলী সবরী। ক্রিরাপদের লিসান্তর লাগেলী ডালী। সম্বর্জদ বিশেষণর পে ব্যবহৃত হ'লে হাড়েরি মালী।

- (৭) আধ্যনিক বাংলার মতে। চর্যার ভাষাতেও দ্বিচন পরিলক্ষিত হয় না; একবচন-বহুবচন ভেদে শব্দরপের কোনো পার্থক্যও দেখা যায় না।
 - (৮) কারক-ভেদে বিভিন্ন বিভক্তির উদাহরণ—
 - কর্ত্ কারকে—০(শ্ন্য), ও, এ। ধথা কাআ তর্বর (১); উমত সবরো গরুআ রোসে (২৮), কুড়ীরে বাই, চোরে নিল (২)।
- কর্মকারকে o (শ্না), এ, (এ°), ক। যথা দিঢ় করি মহাসহে পরিমাণ (১), বিশ্বহ অরম ণিবাণে (২৮), মতিএ ঠাকুরক পরিনিবিত্তা (১২)।
- করণ কারকে—০ (শ্নো), এ° (এ), ত, ক্রে)। যথা বাঢ়ই সো তর, সন্ভাসন্ত পাণী (৪৫), এক সরসন্ধানে° বিদ্ধহ (২৮), সহজে থির করি (৩), বাকল্ড সার্ণী বাদ্ধই (৩), সন্থদ্থেতে° নিচিত মরিঅই (১)।
- সম্প্রদান কারকে—কে, কু*, রে (রে°)। যথা—কে কি বাহবকে পারই (৮)। কাহারে ঘেনি মেলি (৬), মক গঠ। ৩৫)।
- অপাদান কারকে হ; হি, (ই), এ। বধা-খেপহ; জোইনি লেপন জাই (৪', জামে কাম ক্ কামে জাম (২২), বহুড়ী কাউহি (কাডই) ভর ভাই (২)।
- অধিকরণ কারকে ০(শ্না), অই, অহি, ই, এ, ত। যথ।—বেঢ়িল হাঁক পড়ই চোদীস (৬), দিবসহি (দিবসহ) বহুড়ী কাউহি ডর ভাই (২), জো রখে চড়িলা (১৪), গাঁবত গ্লেম্বা নালা (২৮)।
- সম্বদ্ধপদে—আ, ক, এর, রি (এরি'রী), মধা অপণা মাংসে হরিণা বৈরী (৬)
 সহজ পথক জোই (৩৭), মহামুদেরী টুটি গেলী কংখা
 (৩৭), ঢেটণপাএর গতি (৩৩) হরিণির নিল্ল, হরিণার
 থর (৬)।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

(১) কাল অনুসারে চিরাপদের রুপ—

বর্তমান কাল: উত্তম পরে,ব-চাহমি, জাণমি, জীবমি, প্রেমি, পেথমি, লেমি;
আছহঃ, করহঃ, খেলহঃ, জাণহঃ, দেহঃ, বিহরহঃ, লেহঃ,
ইত্যাদি।

মধ্যম প্রেষ—আইসনি, আছসি, গিলেসি, জাসি, প্রছসি, বাসসি, বৃহসি; ছেবহ, জাণ (জাণহ), বিশ্বহ, ভোল (ভুলহ) ইত্যাদি।

প্রথম পরুর্ব আবই, উঅজই, করেই, খাই, ছীজই, জাই, জাগই, জাগই, জাগই, জাগই, তৃটই, দাঢ়ই, দীসই দেখই পইসই, ব্রথই, তগই, মানই, সমাই, সোসই, ইত্যাদি; কহন্তি গাণ্ডি, চাহন্তি, নাচন্তি, ভগণিত, ভমণিত ইত্যাদি; বোলধি, ভগণি।

ভণাথ।
অতীত কাল: উত্তম প্রুষ্থ – আচ্ছিলোঁ, ভিভিল, গাইল, দেখিল, বৃছিলসমাইল ইত্যাদি।
মধ্যম প্রুষ্থ – ইন্সিলেস, নিলেসি ইত্যাদি।
প্রথম প্রুষ্থ আইলা, গেলা, চড়িলা, চলিলা, পড়িলা,
রম্বেলা, সূতেলা, মোলিল, মিলিল, মেলিলী, লাগেলী, দেলী
ইত্যাদি।

ে ভবিষাং কাল: 'ইব'-প্রতায়ষ্ত্র ভবিষাংকালের রুপে সব পরেবেই একই প্রকার। করিব, কহিব, খাইব জাইব, থাকিব, দিবি, ভাইব, লোড়িব, হোইব ইত্যাদি।

জন্জা: মধ্যম প্রেষ - কর জাহি' পেখ, বাহ, বাহহ, দিওহ, হোহি ইত্যাদি। প্রথম প্রেষ করউ, জাইউ ইত্যাদি।

(১০) অসমাপিকা ক্রিয়ার র্প:

ই (ঈ), ইঅ, ইআ, যুক্ত – উঠি, উপাড়ী, করি, অরিঅ, গই চাপী, চুন্বী, ছাড়ী, থোই, ধুনি, ধরিআ, প্রিঅ, ফাড়িঅ,

চ• প•—০ দুনিয়ার পাঠক এক হও! ∼ www.amarboi.com ∼ ভণি মারি, লইআ ইত্যাদি। ইলে-যুক্ত - চড়িলে, ব্রিঝলে, ভইলে ইত্যাদি। অন্তে-যুক্ত -- আছত্তে', চাহতে, পড়তে', বাড়ুডেত, মাণুডেত ইত্যাদি।

(১১ সর্বনামের রূপে -

উত্তম পারে ব্রাষ্ট্র প্রথম পারেষ কর্তৃকারকে হাঁট, আমহে, তু, ত'ই, তো, তুমহে সে, তে, সো, মই

ক্ম'কারক মো তো, তোহোরে,

মই, মোএ তোএ, ড'ই করণকারক

মুক' তোরে' সম্প্রবানে

মোর, মোহোর তোহোর, তোহোরি তস্,, তা,

তাহের

তা, সো

তহি

্থাহোর, তে
(স্ত্রী), তো
আধকরণে
(১২) সর্বনামজাত ক্রিয়া-বিশেষণের রুপ্রী
জবে', জিম, তবে', ব্রির্ক্তি
(১০) সংখ্যাবাচক শৃক্ষগ্রনির্ক্তি এক, এক। দুই; দো, বেণ। তীন (তিনি)। চউ। পাও (পণ্ড)। ছড়া দশ। বতীস। চউলঠী।

চর্যাপদের ভাষা কোন অপলের উপভাষা?

স্নাতি কুমার চট্টোপাধ্যায় চর্থাপদের ভাষাকে পশ্চিম বঙ্গের উপভাষা মনে করেন। ড: মাহন্মদ শহীদালাহ এ কথার প্রতিবাদ ক'রে প্রমাণ করতে हिन्दी करतन थ. এই ভाষাকে সঠিক ভাবে বলতে গেলে बाःलाम्हिन्य कारना এक অগুলের উপভাষ। মনে করা যায় না। একে 'বৈজ্ঞানিকভাবে প্রাচীন বঙ্গ-কাম-রুপী ভাষা বলাই সঙ্গত" ব'লে তিনি মনে করেছেন। ^{৬৫} আমরা ডঃ শহীদলোহর मह्म मम्पान वक्ष्यत । बक्षि कथा महन ताथरा हत रव रव रक्ष क्ष्य मन विठाउ করে এই ভাষাকে কোনে। একটি বিশেষ অণ্ডলের উপভাষা স্থির করতে গেলে দ্রান্তির সম্ভাবনা খ্রেই বেশী। বড়ু চন্ডীদানের রচনায় এমন কিছু কিছু देविणके मक्का करा याग्र या अथन अधिक्रम यदम निर्देश कर्य श्री विदेश है। এ রকম উদাহরণ মাকুন্দরাম থেকেও খাকে বের করা কঠিন নয়। এতে এইটুকু শাধু প্রমাণিত হয় যে, পশ্চিম বঙ্গের ভাষা যতো দ্রত বদলে গেছে, তত দ্রত পরিবর্তনে পরে বঙ্গের ভাষায় আর্সেন। বাংলা ভাষার প্রাচীনর্প কিছু কিছু বৈশিণ্টা প্র' বঙ্গেই এখনো রয়ে গেছে। সতেরাং চর্যাপদের ভাষার কিছু, কিছু, বৈশিন্টা পরে বঙ্গের কথাভাষাতেই এখনো যদি তলনামলেকভাবে বেশি লক্ষা করা যায় তবে সেইটেই হবে গ্বাভাবিক ব্যাপার। তা দিয়ে পশ্চিম বঙ্গের দাবি নস্যাৎ করা যাবেনা। আবার অনুরূপ যুক্তিতেই, পশ্চিম বঙ্গের উপভাষার দ্ব-একটি বৈশিষ্ট্য দেখতে পাওয়া গেলেই তাকে যে পশ্চম ৰক্ষের উপভাষার উপর প্রতিণ্ঠিত বলে মনে করতে হবে এ কথাও ঠিক **য**ুক্তি সম্মত নর। প্রকৃত ব্যাপার এই যে, চর্যাপদের রচয়িতাদের কেউ কেউ পূর্বে বঙ্গের অধিবাসী ছিলেন একথা যেমন সত্য, তেমনি কেউ কেউ পশ্চিম বঙ্গের অধিবাসী 🖎 যে ছিলেন তাও সতা-এবং সবটা মিলিয়ে চয'পিদে বাংলাদেশে প্রাচ্টি বাংলাভাষার নিদেশিন মাত্র। ভাষাবিজ্ঞানীর দ্ভিকোণ থেকে এক্রিবলা যেতে পারে বন্ধ-কামর্পী ভাষা।

চর্ষার ভাষা কি সন্ধ্যা ভাষা ?

চর্যার ভাষাকে সন্ধ্যাভাষা বলা হয়েছে। আমরা প্রবেবি লক্ষা করেছি এই 'সন্ধ্যাভাষা' বলতে হরপ্রসাদ শাদ্বী মনে করেছিলেন-আলো আ্ধারি ভাষা; কতক আলো, কতক অন্ধকার, খানিক বুঝা যায়, খানিক বুঝা যায় ন!…'। 'থানিক বুঝা যায় না' কথাটা সাধারণভাবে তংগ্রধমে যারা বিশ্বাসী নয় তাদের জন্য প্রযোজ্য, কিন্তু তান্ত্রিকতায় যারা দীক্ষিত তাদের জন্য এ ভাষা তবে 'সন্ধ্যাভাষা' হ'তে যাবে কেন-ভাদের কাছে তো এর সব কিছুই দপতে, বোধগম্য। বিধানেখর শাদ্ধী তাই 'সন্ধাভাষা'র অন্য রকম ব্যাখ্যা দিয়েছেন। তাঁর মতে, সম্পর্বিক ধা ধাত ৬ প্রতায় ক'রে 'সন্ধা।' হয়েছে – তিনি মনে করেন, 'সন্ধা।' বানান লিপিকর প্রমাদ। ৩৬ ডঃ প্রবোধচন্দ্র বাগচীও বিধানেখর শাস্ত্রীর এই মত সম্মর্থন করেন।^{৩৭} এই-ভাবে ব্যংপত্তি নিধারণ করলে 'সন্ধাা' শব্দের অর্থা দড়িবে–অভীণ্ট, উদ্দিণ্ট, আভিপ্রায়িক বচন। অর্থাৎ এই চর্যাসমূহ, সাধারণ অর্থে নয়,

এমন এক অভীণ্ট অথে প্রযুক্ত বে কেবল তন্ত্রসাধকগণই এর মমা অনুধাবন করতে পারবেন। যাক্তির দিক থেকে এ-কথা মেনে নিলে কোনো ক্ষতি নেই। কেননা ''অভীণ্ট শব্দটির মধ্যেও 'আপাত লক্ষ্য নহে' এর্প একটি ইক্ষিত আছে—তাহ। হইতেই অপ্পণ্টতার ভাবটি অগিয়াছে এবং তাহার প্রভাব অর্থ-সাদ্রেশ্য বানানটিও সন্ধা হইতে সন্ধ্যতে পরিণত হইয়াছে —ইহাও অসম্ভব নহে" ৬ ডঃ নীহার বন্ধন নাম লিখেছেন—"সে ভাষার নাম ছিল সন্ধাভাষা (সন্ধিভাষা), যে ভাষা শাুধ, 'মৌলিক' 'সম্পূর্ণ' 'নিগাুড়' সভ্যের কথা বলে, কিন্তু যতে। মৌলিক, সম্পূর্ণ নিগতেই হোক না কেন সে ভাষা, অদীক্ষিত জনের কাছে তাহা ছিল দ্বেশিধ্য। এ-ভাষায় যাহা 'অভিপ্রায়িক' অর্থাৎ আপাত যে অর্থ কোনো বাকোর বা পদের, তাহাই তাহার নিগতে অর্থাৎ মোলিক, সম্পর্ণ অর্থ নর; মোলিকু(মুন্পর্ণ, উন্দিন্ট অর্থের দিকে তাহা ইকিত করে মাত্র। কাজেই, সে ভূত্তির মোলিক উন্দিন্ট অথ ধরিতে পার। সহজ নয় 🎾 — অথাং ডঃ রাষ্ট্র 🕰 ভাষাকে সন্ধ্যাভাষ। না ব'লে সন্ধাভাষা (বসন্ধিভাষা) বলতে চাল্টি কিন্তু একটি কথা মনে রাখার প্রয়োজন আছে যে, তত্ত বিষয়ক প্রাচীক পরিবতে 'সন্ধাভাষা' শব্দটিই সর্বত পাওয়া यात्र 'সন্ধাভাষা' নয়; "অনেক প্রাচীন প্রথিতে 'সন্ধাভাষাই' পাওয়া যায়; সবগ্রলিই যে লিপিকরপ্রমাদ তাহা মনে হয় না।"8*

কেউ কেউ বলেন 'সন্ধাা' শব্দটি 'সন্ধাদেশ' অথে' ব্যবহৃত হয়েছে। ১৯৪২ সালে Visvabharati Quarterly তে পাঁচকড়ি বন্দ্যোপাধ্যার বলিয়াছেন যে, ,'সন্ধাভাষা'র অথ'—'সন্ধাা' দেশের ভাষা। সন্ধা— অথ'ন আযাণকত' এবং পর্বে ভারতের মধ্যবতী অঞ্চল।"⁸⁵ কিন্তু এ ব্যাথা কেইই মানেননি। 'সন্ধাা' শব্দ যে দেশ-বাচক এমন কোনো সন্ভোষজনক প্রমাণ কেউ দিতে পারেননি। পক্ষান্তরে তিব্বতী ভাষায় শব্দটি। 'প্রহেলিকাপ্রণ' ভাষা, কবিত দ্বেহু তত্ত্বাধ্যা'—অথে গৃহীত হয়েছে।

এখানে চর্যাগীতিসম্হে ব্যবহৃত করেকটি শব্দের সাধারণ অর্থ ও সন্ধ।
অর্থ পাশাপাশি দেখানে। যেতে পারে—

म ्ल्या वह	नाधात्रय स्वर्थ	সন্ধ্যা অৰ্থ
আলি-কালি	≻বরবণ′-ব্য লনবণ	প্রখাস-নিঃখাস
গহা	একটি নদী	গ্রাহ্য
চউপট্ঠি কোঠা	দাবার ছকের ৬৪ ঘর	নিমণিচক্র
ठा ∗प	চাঁদ	প্রজ্ঞাজান বা গ্রাহ্যভাব
ডো-বী	ডুমনী	নৈরাত্মা, শাুক্রনাড়িকা
না বী	নোক্য	বোধিচিত্ত
প_লিন্দা	মাস্থুল	নির্পাধিছ (বা নপ্ংসক)
বড়িআ	দাবার বো ড়ে	একশো যাট প্রকৃতি
বাম্হ ,	<u>ৱন্</u> দা	বিটনাড়িকা, বিষ্ঠানাড়ী
মৃস।	ম্ৰিক	্চি ত্ত পৰ ন
যম্না	একটি নদী ্ৰ	প্রাহক
স্বর	শবর-পরেব্র ় সবর-স্ত্রীলোক্ত শশধর, মুকু	বজুধর, হের্ক
স্বরী	সবর-দত্রীলোক	নৈরাত্ম।
সস্হর	শশধর, চুক্ত	¥्रिक
म ्ब	স্ব্	অদ্যজ্ঞান গ্ৰাহকভাব
হর	িশব ু	শ্কনাড়ী
হরি	বিষ <u>্</u>	ম্বনাড়ী
হরিণ	হরিণ	চিত্ত
হরিধী	হরিণী	নৈরাত্মা

भाइक्ष ।।

প্রায় সকল পণিডতই চ্যাপদের মধ্যে পজ্ঞটিকা ছণের প্রভাব লক্ষ্য করেছেন। শার্মণের রচিত 'সঙ্গতিরত্বাকর' নামক সঙ্গতিশান্তেও চ্যাপদ সম্পর্কে বলা হয়েছে— 'পদ্ধড়ী প্রভৃতিচ্ছন্দাঃ পদান্ত প্রাস শোভিতাঃ'। ইই এখানে 'পদ্ধড়ী' শব্দের দ্বারা সংস্কৃত পঞ্চিকা ছন্দের কথাই ব্রুথানো হয়েছে। তবে 'প্রভৃতিচ্ছন্দা' বলতে ব্রুথা যায় এর মধ্যে অন্য ছন্দও যে ছিল সে সম্পর্কেও 'সঙ্গতিরত্বাকর' রচয়িত। সচেতন ছিলেন।

'পশ্বটিকা' ছন্দে প্রতি চরণ ১৬-মান্রাহিশিন্ট হর প্রতি চরণে চার প্র প্রতি পরে চার মান্রা। প্রকৃতপৈঙ্গল্গে বর্ণিত পাদাকুলক' ছন্দেরও বৈশিন্টা একই প্রকার : অর্থাং দেখানেও প্রতি চরণ ১৬ মান্রাহিশিন্ট এবং পর্বাগর্নিল ৪ মান্রার। আমরা একটি ক'রে পজ্বাটিকা ও পাদাকুলক ছন্দের উদাহরণ তুলে ধরছি —

সংস্কৃত পজ্ঝিটিকা — নিলনী/বলগত/জলমতি/তরলং

তব/স্জীবন/মিতিশ্য়/চপলম

তব/স্জীবন/মিতিশ্য়/চপলম

তব/স্জীবন/মিতিশ্য়/চপলম

তবাক্ত পাদাকুলক — সোজ্পাক্তিপ্তনা গ্রেণ্মভট্ট

ত্ব স্কুলিম্ভি/সোগ্রেণ্মভট্ট

ত্ব স্কুলিম্ভি-স্কুলিম্স

চবর্বি ছন্দে এদের প্রভাব আছে। তবে এক্সিছন্দে হুন্বন্বর ও দীর্ঘান্বরের নাত্রা-গণনার যে স্নিনির্দিণ্ট নিয়ম আছে চয়াছিছন্দে তা নেই। সেখানে দীর্ঘান্বর কখনে। দ্-মাত্রা কখনো এক মাত্রাবিশিক্ষ্যা অন্যর্পভাবে হুন্বন্বরকেও কোনো কোনো স্থলে টেনে দ্'মাত্রা ক'রে, বিশ্বিত হয়।

আঙ্গন/ঘর পণ/স্ন ভো বি / আতী

কানেট/চোরে / নিল অধ / রাতী।

সম্রা/ নিদ গেল/ বহুড়ী/জাগই

- ১০০০ - ১০

লক্ষ্য করা যাবে, এখানে স্বরের মাত্রা গণনার ক্ষেত্রে কোনো স্থানিধারিত নীতি অনস্ত হচ্ছে না। দ্বিতীয় চরণে 'চোরে' ৪ মাত্রা, কিন্তু চতুর্থ চরণে তা দ্'মাত্রা; প্রথম চরণে 'ডো' একমাত্রা। আবার —

রাতি/ভইলে/কামর,/জাই

এই চরণে হুত্ব ত্বরকেও টেনে দু'মারার ক'রে নেওয়া হয়েছে। এরকম উদাহরণ চ্যার যুহতত্ত পাওয়া যাবে। এখানে লক্ষ্যণীয় যে, চ্যপিদের ছাদ ম্লেডঃ মাত্রাব্তরীতিতে গঠিত; কিন্তু একালের মাত্রাব্ত ছাদের সন্নিদিশ্টি গণনা-পদ্ধতি এখানে মেনে চলা হয়নি। পািডতগণের ধারণা—এই ছাদই পরিবতিতি হয়ে মধাম্পে পয়ার ছাদের উত্তব হয়েছিল। কথাটা দ্বীকার ক'রে নেবার পদ্চাতে একটা যাুত্তি আছে এই যে, চ্যপিদেই বহুস্থলে ছাদ যেন মধ্যযাুগের পয়ারের রাপ পেতে চেয়েছে।—

কমল কুলিশ ঘাল্টি/করহ, বিআলী

অথবা

তরক্ষেতে' হরিণার/খ্র ন দীসই

অথব।

অবৃণাগ্ৰণে কাহ/বিমণা ভইলা

অথবা

আলো ভোন্বি তোএ সমূক্ত্রীরব মো মাঙ্গ

উপরের চরণগর্নি বিশক্তি পয়ার। প্রিস্ট্র তা ছাড়াও ক্ষেত্র বিশেষে স্বরকে দীর্ঘ ক'রে নিলে চর্যাপদের অধিকুল্লি পদুই পয়ারের সংগাতীয় হয়ে পড়ে। —

> - - ১১৪৯ - ১১১ কাআ তর্বর/পাণ্ড বি ভাল

চণ্ডল চীএ/পইঠা কাল

দিঢ় করিঅ মহা/সাহ পরিমাণ লাই ভণই গারু/পাছি অ জান

চ্যাগির্নি গানর পে গাওরা হ'ত ব'লে এখানে হবরের হুহ্ব-দীঘ বাপোরে স্নিদি দিট নিরম রক্ষিত হয়নি। কিন্তু পরবর্তীকালে, সঙ্গীতে নয়, পদ্যে যখন এই ছব্দ ব্যবহৃত হ'তে লাগল তখন বাঙালীর হ্বাভাবিক উচ্চারণ-ভিক্ন জয়য়য়্ক হয়ে কোনো হ্বরই আর দীঘ রইল না। তবে যেহেতু সাধারণ পদ্যও স্কুরে পড়া হ'ত এবং সেই স্কুর চরণের শেষে টানা হয়ে দীঘ হয়ে যেত সেজনা প্রারের শেষাধে আট মানার পরিবতে ক'মে ছ-মানার হয়ে গেল-শেষের টানা স্কুরেস দ্-মানার ফাতিপ্রণ হ'ত। এইভাবেই পয়ারের উত্তব।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যোলো মাতার ছলের পরেই চযপিদে বেশি পাওরা যায় ছাব্দি মাতার ছল। তবে কোথাও কোথাও দ্ব-মাতা বৃদ্ধি পেয়ে তা ২৮ হয়েছে, কোথাও বা দ্ব-মাতা ক'মে তা হয়েছে ২৪।—

উষা উষ্ণা / পাবত তহি ' / বসই সবরী / বালী

মোরজি পীচ্ছ / পরিহাণ সবরী/গীবত গ্রেপ্তরী/মালী ৮+৮+৮+৪ এই ছন্দের সঙ্গে 'মরহট্রা' ছন্দের সাদ্শ্যে তুলনীয়–

কিন্তে৷ মন্তে/কিন্তে তত্তে/কিন্তোরে ঝাণব/খাণে ২৬ মান্তার পদ —

স্না পণ্হর / উহ ন দীসই / ভাত্তি ন বাসসি জাজতে

এথা আঠ মহা / সিদ্ধি সীঝই / উদ্ধু ঐটি জাঅত্তে ৮+৮+১০

২৪ মাতার পদ—

গ্ৰাণত গ্ৰাণত / তইলা বাড়্ডি হিএ কুরাড়ী ৮+৮+৮
এই সকল দীঘ মাত্রাবিশিন্ট পদই পরবতাকালে ত্রিপদী ছন্দে রুপান্তরিত
হয়েছিল ব'লে মনে হয়।—

উষ্ণা উষ্ণা পাৰত তহি° ৰসই সৰৱী বালী।

অথবা

স্না পণ্হর উহ ন দীসই ভাত্তি ন বাসসি জাঅতে।

।। প্রাচীন সঙ্গতিশাস্ত্র, চর্যাগাড়িও রাগরাগিণী।।

শ্রীরাজ্যেশ্বর মিত্র তাঁর 'বাংলার সঙ্গীত' (১ম) গ্রন্থে সঙ্গীতরুপে চর্যান্তি বিশিষ্টা আলোচনা করেছেন। প্রাচীন বাংলার দ্বোনি সংগীতগ্রন্থ হচ্ছে লোচন পশ্চিতের 'রাগতরঙ্গিনী' এবং শাঙ্গ'দেবের 'সঙ্গীতরত্বাক্রর' (১২১০—৪৭)। 'সঙ্গীতরত্বাক্রের' সঙ্গীত হিসেবে চর্যাগীতির বৈশিষ্ট এবং

তার গঠন পদ্ধতি সম্পকে বিস্তৃত আলোচন। পাওয়া যায়। কেবল এর ঘারাই প্রমাণিত হয় যে, একালের কীর্তান ইত্যাদি গানের মতো চ্যাগীতিও এককালে অশেষ জনপ্রিয় ছিল।

'সঙ্গীতরত্বাকর' থেকে জ্ঞানা যাচ্ছে, এ কালের গানের অস্থারী, অস্তরা, সন্থারী এবং আভাগে—এই চার কলির পরিবর্তে সেকালে ছিল উদ্প্রাহ, মেলাপক, ধ্রব ও আভাগ; এদের বলা হ'ত ধাতৃ। এই চার ধাতৃই যে সব গানে থাকত তা নর। তবে উদ্গ্রাহ এবং ধ্রব সবর্তিই থাকত। কোথাও আভাগে, এবং কৃচিং কোথাও মেলাপক ও আভোগ—একত্রে বজিত হ'ত। এইভাবে একটি ধাতৃ বঙ্গিত হ'লে সৈ সঙ্গীতকে বলা হ'ত বিধাতৃক প্রবন্ধনীত, দুটি ধাতৃ বঙ্গিত হ'লে তার নাম হ'ত দ্বিধাতৃক প্রবন্ধ-গাঁত। সাধারণ-ভাবেই সঙ্গীতকে তথন প্রবন্ধ-গাঁত বলা হ'ত। চ্যাপদগর্মল মেলাপক বজিতি, সেই হিসেবে চ্যাপিদ বিধাতৃক প্রবন্ধগাঁত।

প্রেই ছন্দের আলোচনা-প্রসঙ্গে কি করেছি, শার্দ্ধণের ছন্দ সম্পর্কে বলতে গিয়ে এগানিকে 'পাদান্তপ্রাদ্ধি শােভিতাঃ' বলেছেন। আগানিক বাংলা গানের চরণও সাধারণতঃ জ্বাজানিয়াস্থাক হয়। চর্যাগাঁতিগালিও এমনি অন্ত্যান্থাস্থাক ছন্দেরিক চরণ দারা গাঁঠত। তবে চর্যাগাঁতির ছন্দ যে যথেত শৈথিলাপাণ্ণ শার্দ্ধনের তা লক্ষ করেছিলেন। এজন্য তিনি এগালিকে দা্ভাগে বিভক্ত করেছিলেন—পাণ্, অপাণ্। ছন্দের শৈথিলায় থাকলে তা হাত অপাণ্ণ না থাকলে পাণ্ণ।

রাজ্যের মিত্রের আলোচনা থেকে আরে। জানা যায়, সেকালের প্রবন্ধগীতের ছ'টি অঙ্গ থাকত—স্বর, বিরুদ, পদ, তেনক, পাটক ও তাল। এই ছ'টি অঙ্গের সব কটিই যে একটি গানে থাকতে হবে এমন কোনো কথা ছিল না: চ্যাগীতিতে সাধারণতঃ দুটি অঙ্গ লক্ষ করা যায় স্পদ ও তাল। এ জন্য চ্যাগীতিকে তারাবলী বলা হত।

চর্যাগীতিসমূহ বিভিন্ন রাগে গাওয়া হ'ত। প্রত্যেকটি গানের প্রথমেই কোন রাগে তা গাওয়া হবে তার নিদেশি আছে। তন্মধ্যে 'পটমঞ্জরী' যে স্বাপেক্ষা জনপ্রিয় ছিল তা ব্যো যায় চ্যাগীতিতে এর স্বাধিক ব্যবহার দেখে। মোট ১২টি গানের রাগ পটমজরী-গীত সংখ্যা:-১, ৬, ৭, ৯; ১১, ১৭, ২০, ২৯, ০১, ৩০, ০৬, ৪৮। মলারী-৫টি; গীত সংখ্যা:-০০, ০৫, ৪৪, ৪৯। গ্রেরী (গ্রের্বরী বা কাছ-গ্রের্বরী)—৪টি; গীত সংখ্যা:-০০, ২৭, ৩৭, ৪২। কামোদ—৪টি; গীত-সংখ্যা:-১০, ২৭, ৩৭, ৪২। বরাড়ী (বলান্ডী)—৪টি; গীত-সংখ্যা:-২১, ২০, ২৮, ৩৪। ভৈরবী—৪টি; গীত-সংখ্যা:-১২, ১৬, ১৯, ০৮। গবড়া (গউড়া)—০টি; গীত-সংখ্যা:-২, ০, ১৮। দেশাথ—২টি; গীত-সংখ্যা:-১০, ০২। রামকী —২টি; গীত-সংখ্যা:-১৬, ৪৬। অর্, ইন্দ্রতাল, দেবক্রী, ধনসী (ধানশ্রী), মালসী, মালসী-গব্ড়া ও বঙ্গাল রাগে একটি ক'রে গীত, তাদের সংখ্যা যথাক্রমে—৪, ২৪, ৮, ১৪, ০৯, ৪০ ও ৪০।

এই সব রাগের কয়েকটি জয়দেবের 'গাঁত প্রেমীবলেদ' এবং বড়, চন্ডীনাসের কাব্যে লক্ষ করা যায়। রামদী পীতপুর্যুক্তিদ হয়েছে রামকিরী এবং বড়, চন্ডীদাসের কাব্যে রামণিরি। দেশু(রার্ম গতিগোবিদে ও বড়, চন্ডীদাসের কাব্যে হয়েছে দেশাগ। বড়, চুক্টেদিনের কাঝের ধান্মী ধানশ্রীর পরিবতি ত রপে মাত্র। মল্লারী রাগ মল্লারী নামে আজও স্পরিচিত। কৃঞ্লীলায় প্রচলিত গুরুরী রাগই চর্যাতে সম্ভবত কাহু-গুরুরী। গবড়া (গউড়া) রাগ সম্পর্কে দুর্টি অনুমান করা হরেছে—লোচন পশ্ভিত তার 'রাগ্তরজিনী' গ্রুণেই গোরী রাগ নামে একটি রাগের উল্লেখ করেছেন, সেই গোরী শবেদর পরিবতিতি রুপে গউড়া বা গবড়া হ'তে পারে; কিংবা এমনও হ'তে পারে যে, সেকালে কাব্যে যেনন গোড়া-রাতি ব'লে একটি বিশিষ্ট রাতির উল্লেখ পাই, তেমনি রাগের মধ্যেও হরত একটি ছিল গোড়ী রাগ-গউড়া বা গবড়া সেই গোড়ী শ্বেদর পরিবতিতি রুপ। কিন্তু এ সম্পর্কে সঠিকভাবে কিছু, বলা বায় না। চর্যাগাতির রাগ-সম্পর্কিত আলোচনায় ডঃ নীহার রঞ্জন রায়ের বছর্য তার ভাষাতেই আমর৷ তলে ধর্মছ—'পঙ্গীতেতিহাসের দিক হইতে চ্যাগীতির স্বাপেক। উল্লেখযোগ্য রাগ শবরী ও বদাল-রাগী শবরী রাগ তো নিঃ-সন্দেহে শবরদের মধ্যে প্রচলিত রাগ। এই লোকায়ত রাগটির মাগ্রীকরণ কৰে হইয়াছিল বলা কঠিন, তবে ইহার উল্লেখ শুধু, বেগাণীতিতেই পাই- তেছি, আগে ব। পরে সে উল্লেখ আর কোথাও দেখিতেছি না। বদাল রাগও যে কি ধরনের আজ তাহা ব্রিবার উপায় নাই, তবে এই রাগতিও বে এক সময় গ্রেশ্বরী, মালবল্লী বা মালসী, শবরী প্রভৃতি রাগের মত স্থানীয় লোকায়ত রোগ ছিল, সংশ্চে নাই। অথচ ভারতীয় মার্গস্পীতে বদাল-রাগ এক সময় স্পরিচিত রাগ ছিল, এবং অণ্টাদশ শতকের রাজস্থানী চিত্রনিদশনে বঙ্গাল রাগের চিত্রও দ্লেভ নয়। পরে কখন কিভাবে যে এই রাগতি ল্পে হইয়া গেল তাহা জানা যাইতেছে না। বন্ধুত, চর্যাগাতির দেবক্রী, গউড়া বা গবড়ো মালসী-গবড়ো শবরী, বঙ্গাল, কাহু গ্রেশ্বরী প্রভৃতি অনেক রাগই আজ বিল্প্তে। দেশাখ-রাগ তো বোধ হয় আজিকার দেশরাগে বিবত্তি বা র্পাভতিরত হইয়া গিয়াছে। আরু রাগ বে কি তাহাও আজ আর ব্রিধ্বার উপায় নাই।"৪৩

যে তিনটি চর্যা পাওয়। যায়নি তার একটি অনুবাদে 'ই৽দ্রতাল' নামটি পাওয়। যাছে। ই৽দ্রতালের নাম থেকে অনুমিত হয়— এটি সম্ভবতঃ কোন তালের নাম, রাগ ঠিক নয়। স্কুলির সেন তাই মন্তব্য করেন—"ইহা রাগিণীর নাম না হইয়। তালের সাম হইবে বলিয়া মনে করি। তাহা হইলে কি কোন কোন চর্যয় রাগণীর সঙ্গে তালেরও নিপে দিছিল, যেমন জয়পেবের পদাবলীতে ও শ্রীকৃষ্ণকীত নৈ পাই।" **8

।। সাহিত্যিক ম্ল্য।।

চর্যাগীতিগালি মালতঃই বৌদ্ধ সহজিয়াদের সাধনপদ্ধতিমালক গান। এর উদ্দেশ্য হচ্ছে সন্ধ্যা ভাষায় রাপকের মাধ্যমে সাধকদের গাতে ধর্মাপাধনার কথা প্রচার করা। কোটি জনের মধ্যে একজন এর মাম্যার্থা অনুধাবন করতে পারবে— এমন বিশ্বাস বাস্ত করেছেন চর্যাপদকর্তাগণ স্বয়ং। অতএব এইটেই স্বাভাবিক যে, এগালি মালতঃই প্রচারধর্মী, কাব্যরস-স্থিতির কোনো সজ্ঞান চেস্টা এখানে থাকবে না। আর আজকের পাঠকের কাছে এর ভাষাতাত্ত্বিক গা্রা্ক যতেথানি, ততথানি গা্রা্ক আন্দিকে নেই। তব্ কথা থেকে যায়।

কথা হচ্ছে ঐ রুপকের ব্যবহার নিয়ে। রুপকের ব্যবহার মাঝে মাঝে সার্থ ক হয়ে রচনাকে কাব্যগোরৰ দান করেছে। চর্যার সাহিত্য মূল্য পর্যালোচনা করতে গেলে দেখা যাবে, রুপক স্থিতৈ পদকতাগণ যেখানেই লোকায়ত জীবনকে আশ্রয় করেছেন সেখানেই তা সাহিত্য গ্রস্পদান হওয়ার অবকাশ লাভ করেছে। বস্তুতঃ তৎকালীন জীবনের ছবি পদকতাগণের ধ্যানতন্মরতার স্পশ্রে বহু স্থানেই সজীব হয়ে উঠেছে। একটি ছবি নেওয়া যাক – লোকালয়ের বাইরে একাকিনী ডোম্বী তার কু'ড়ের মধ্যে বাস করে। সে অম্প্রায় রমণী, লোকালয়ে স্থান নেই তার। কিন্তু সে নিত্য-পিটিয়সী, খুব হালক। ভঙ্গিতে, মনে হয় যেন, পদেয়র পাপড়িতে পা রেখে নৃত্য করে সে। তার গ্রেণ মুম্ম হয়ে কবি তাকে প্রেম নিবেদন করেছেন—

তুলো ডোম্বী হউ⁺ কাপালী তোহোর অন্তরে মো এ বালিলি হাড়েরি মালী।।

প্রণায়নী যেখানে সমাজে অস্প্রায়া, প্রেক্তি সেখানে কাপালিক না সেজে আর করবে কি! প্রিয়ার জন্য গলায় হাড়ের মালা প'রে সমাজ ত্যাগ করেছে সে। 'ওলো, তুই যেমন ডেকিন, আমিও তেমনি কাপালিক। তোর জন্যই গলায় হাড়ের মালা ধারণ ক্রেছি।'—প্রেম নিবেদনের এই ভাষা অপ্রে

তংকালীন জীবনের যে বিত্র চর্যাগর্লিতে ফুটে উঠেছে তার কয়েকটি বেশ সরল ও কবিত্বপূর্ণ। —

> উষ্ণা উষ্ণা পাৰত তহিং বসই সৰৱী বালী। মোরাঙ্গ পীচ্ছ পরিহাণ সৰৱী গীৰত গুণজুৱী মালী।।

উ°চ্ব উ°চ্ব পব'ত, তার উপরে বাস করে শবর বালিকা। শিখীপ**ৃছে** খোঁপায় গ'বুজে গলায় গ'্লার মালা প'বে সে ঘ্রের বেড়ায়, শবর তার জনা উন্মন্ত। শবরীকে যে পরিবেশে চিত্রিত করা হয়েছে সেই পরিবেশটিও মনোরম—

> ণাণা তর্বের মৌলিল বে গঅণত লাগেলী ডালী একেলী সর্বী এ বণ হিল্ডই কর্ণকুল্ডল বন্ধুধারী।।

ফুলে ফুলে ভ'রে গেছে সারা বন, সেই বনের ফুলে-ভরা ভাল যেন স্পর্ণ করেছে আকাশকে। কানে কুণ্ডল প'রে একাকিনী শবরী সেই বনে ঘুরে

বেড়ায়। সেকালের অরণাচারী মান্বের সহজ প্রাভাবিক জীবনের ছবি এখানে প্রদেশ কয়েকটি কথায় স্থানর ফুটেছে। অনার পাওয়া যাচেছ —

হেরী সো মোরি তইলা বাড়ী খসমে সমত্লা।
স্কল এ মোরে কপাস, ফুটিলা।।
তইলা বাড়ীর পাদে'রে জোহা বাড়ী তাএলা।
ফিটেলি অনারী রে আকাস ফুলিলা।।

অরণ্যের মধ্যে উ'চু টিলায় বাড়ি—আকাশের গারে যেন ছবির মতে বিরাজ করে তা : সেই বাড়ীর পালে কাপাস বখন ফুটে তখন মনে হয়, সেখানে জ্যোৎস্ন্যা-বাটিকা তৈরী ক'রে দিরে গেছে কে যেন। একরাশ সাদা কাপাশ বখন উ'চু পাহাড়ের উপর ফুঠে ওঠে তখন মনে হয় যেন আকাশই ছেয়ে গেছে ফুলে ফুলে, আর তার শ্লেডার ঘ্লেড্রিগছে সকল অন্ধকার—। এমনি পরিবেশে বাস করে শবর-শবরী। যখন স্থিখানে কঙ্গ্লিনা পেকে ওঠে তখন তা দিয়ে মদ তৈরী ক'রে শবর-শ্রেমী মহানন্দে মদে-মাতাল দিন বাপন করে।—

কঙ্গাহিন। পাকেলা রে সবরা সবরি মাতেলা। অণ্যদিন সবরে কিন্পি ণ চেবই মহাস্থহে ভোলা।।

এইভাবে অনুসন্ধান করলে দেখা যাবে, তৎকালীন দৈনণিদন জীবনের সন্দর সন্দর ছবি বেশ কবিত্বপূর্ণ ভাষায় চিত্রবৃপ লাভ করেছে চ্যাগীতিকা গ্লিতে।—

> সস্র। নিদ গেল বহুড়ী জাগই। কানেট চোরে নিল কাগই মাগই।।

বৃদ্ধ শ্বশ্রেটি ঘ্রিময়ে গেছেন, তাঁর জেগে থাকার শক্তি নেই। চোরের উপদ্রব। তাই বধ, জেগে আছে। তব, স্তুচ্তুর চোর চোথে ধ্লো দিয়ে 'কানেট' চুরি ক'রে নিয়ে গেছে। এমন চোরকে কোথায় খ্লৈ পাওয়া যাবে!—দেকালের অসহায় গৃহস্থ ঘরের চিত্র এটি।

ত ৮ চর্যাগীতিক।

খবে চমৎকার একটি ছবি পাছিছ কাপালিকের। সংসার ছেড়ে আজীর স্বজনের সমস্ত স্নেহ-বন্ধন উপেক্ষা ক'রে কান, কাপালিক হলেন। কথাটিকে ব্যক্ত করা হয়েছে এইভাবে —

> মারি সাস্ক্রননন্দ ঘরে সালী। মাজ মারি কাহ্ন ভইজ কবালী।।

মারা নয়ত কি ? বহু আশা নিয়ে মা মাকে লালন-পালন করেছিলেন, যাকে শক্ত-সামর্থ হ্বা প্রের্থ দেখে শাশুড়ী তাঁর কন্যা সমর্পণ করেছিলেন, যাকে কেন্দ্র ক'রে শালিকার হাস্যামোদ স্ফ্রিলাভ করেছিল—সেই ব্যক্তিটি যথন সংসার-বিরাগী সন্ত্যাসী হয়ে বেরিয়ে পড়ে তথন কি অবস্থার স্থিতি হয় ! সকলের মিলিত বেদনাকে একটি শব্দেই রুপ দিলেন কবি—তাদেরকে মেরে রেখে গেল সে ৷ এমিন পরিমিতি প্রেমি চর্যাগীতিকাগ্রলিতে অনেক পাওয়া যাবে ৷ এখানে কবি একটি স্ক্রেমর চাতুর্যের পরিচর দিয়েছেন স্তার উল্লেখ না ক'রে ৷ কেউ কাপালিক সন্ত্যাসী হয়ে গেলে সব চেয়ে বেশী অসহায় হয়ে পড়ে স্ত্রী, তায়্র স্বিনা হয় স্বাধিক, তাই তার কথাটিই কেবল উহা রেখে তার বেদনা পাঠকের কল্পনার উপর ছেড়ে দিয়ে চারপাশের সকলের কথা ব'লে গেলেন ৷ কাব্যের শিল্প কৌশল হিসেবে এটি অনবদ্য ৷ অতঃপর লক্ষ্য করা যাক, কাপালিক কানুর ছবিটি—

আলি কালি ঘন্টা নেউর চরপে। রবি শশী কুন্ডল কিউ আভরণে।। রাগ দেশ মোহ লইআ ছার। পরম মোখ লভই মাক্তিহার।।

কাপালিক কান্ত্র চরণে আলি-কালির ন্পত্র, কানে রবিশশী- র্প কুন্ডল আর রাগ-দ্বেষ-মোহ প্রভাবে। ছাই তার সার। শরীরে।

চর্যাগীতিগালের প্রকাশ-ভঙ্গিতে যে পরিমিতি-বোধ লক্ষ্য কর। যায় তা. আঞ্চকের পাঠকের কাছেও অনেকখানি বিস্মরক্ষর ঠেকবে। বালাই বাহলো, পরিমিত প্রকাশভাদ যে কোনো শিল্পী সাহিত্যিকেরই পরম কামা। এ ব্যাপারে চর্যাগীতিকারদের সাফল্য করেকটি উদাহরণের সাহায্যে তুলে ধরা যেতে পারে।—

> ভব ণই গহণ গন্তীর বেগে বাহী। দু আন্তে চিখিল মাঝে ন থাহী॥ ধামাথে চাটিল সাক্ষম গঢ়ই।

একটি নদী গহন গন্তীর বেগে প্রবাহিত হচ্ছে, দুপাশে তার কাদা, মধ্যে অবই জল। এর উপর দিরে একটি সাঁকো তৈরী ক'রে দিয়েছেন চাটিল পা।—বর্ণনাতে বাহ্লা নেই, মিত-ভাষণের চ্ড়ান্ত উদাহরণ এটি। অনুর্পভাবে একটি হরিণের ট্রাজেডি কতো সংক্ষেপে অণপ কয়েকটি আঁচড়ে একে দেখানো হয়েছে এই চরণ কটিতে—

জপণা মাংসে হরিণা জুরী। খনহ ন ছাড়ই ভুসুকু অহেরী।। তিণ ন ছুবই জুবিণা পিবই ন পাণী।

হরিণ তার আপন মাংসের জন্য জগতের সকলেরই শত্র হয়ে উঠল।
তার মাংসের জন্য সকলেই তাকে হত্যা করতে চায়। শিকারী সারাক্ষণ
তাকে অনুসরণ করে, এক মৃহত্তিও ছাড়তে চায় না। হরিণ তাই তৃণ স্পশ্
করছেনা, মনের দৃঃথে জলও পরিত্যাগ করেছে। এই অবস্থায় হরিণী তাকে
উপদেশ দিছে—

হরিণী বোলই হরিণা সূণ তো। এ বন ছাড়ী হোহা ভাভো॥

এই উপদেশ পাওয়ার পর হরিণ কিভাবে বন ছেড়ে চ'লে গেল তার বর্ণনায় কবি একটি মাত্র ছবে সমগ্র ছবিটি ফ্রটিয়ে তুলেছেন—

তরঙ্গেতে হরিণার খুর ন দীসই।

হরিণের দ্রত উল্ল-ফনের ফলে তার খ্র পর্যস্ত দেখা যায় না। দ্রত পলায়নের বর্ণনায় এর চেয়ে স্লের স্মিত ভাষা আর আশা যায় না। কী স্লের সংক্ষিপ্ত এবং পরিচ্ছন এই ভাষা—

কামা তর্বর পাঞ্চ বিভাল। চণ্ডল চিত্র পইঠা কাল।।

শরীর বৃক্ষদদ্শ, তার পাঁচ ইন্দ্রিয় যেন পাঁচটি ভাল, চণ্ডল চিত্তে কাল প্রবিষ্ট হয়।

অথবা.

কাঅ ণাবড়ি খান্টি মণ কেড্ৰুখলে। সন্গ্ৰুৱ-বঅণে ধর পতবাল।।

শরীর যেন একটি নোকা, খাঁটি মন হচ্ছে দাঁড়, সদ্গ্রুর-বচনে তার হাল ধর।—এই ধরণের সংক্ষিপ্ত ও পরিচ্ছের বাক্বিনাস চর্যার একটি বৈশিন্টা।

প্রেম ও দৃঃথ বেদনার আবেদন কাব্যে চিরকালই সমাদর লাভ করেছে।
চযগিগুলির মধ্যে বহুক্তেরেই শৃদার রসাম্মিক্তরিপক লক্ষ করা যায়। রজনীর
অক্তোভয় অভিসারিকার ছলনাময়ী মুক্তিকে বড়ো স্ফারভাবে ফ্রিটিয়ে তোলা
হয়েছে এই দৃর্টি চরণে—

দিবসহি ন্ত্ৰিড়ী কাউহি ভাই। রাতি ভইলে কামর: জ্বাই।

দিনের বেলা বউটি কাকের ভয় পায়, অথেচ রাত্রিকালে অভিসার-যাত্রায় যতে। দ্বেই যেতে হোকনা কেন তাতে পিছপা নয় দে। অসতী ব্রজ্ঞার পদ হিসেবে রসাম্বাদ-মধ্র এই চরণ দ্বিট অতুলনীয়। প্রেমের আকৃতি প্রকাশে ম্মরণীয় দ্বিট চরণ হচ্ছে —

জোইনি ত'ই বিশ্ব খনহি' ন জীবমি। তো মৃহ চমুশ্বী কমলরদ পিবমি॥

যোগিনী, তোকে ছেড়ে এক মৃহত্তিও বঁচিব না। ওগো আয়, তোর মুখ চুম্বন ক'রে কমলরস পান করি।

একটি পদে বিবাহ এবং তংপরবত**ী মিলন-প্রদন্ধ অতি অ**শ্বপ করে**কটি** কথায় স্মানরভাবে প্রকাশ পেয়েছে —

জ্অ জ্অ দুঃদুহি সাদ উছলিআঁ কাহ্ন ভোদিব বিবাহে চলিআ।। ডোদ্বী বিবাহিআ আহারিউ জাম। জউতকে কিজ অনুত্রে ধাম।। অহণিসি সরেঅ পসঙ্গে জাই। জোইণি-জালে রঅণি পোহাই।। ডোশ্বী-এর সঙ্গে জে। জোই রত। খণহ ন ছাড়ই সহজ উন্মন্ত।।

চরণগ্রিল সেকালের বিবাহে চিত্র ছিসেবেও উল্লেখবোগ্য। দ্বন্ত্তিত **জ**র জয় শব্দ তুলে কান্ত বাচ্ছে ডোম্বীকে বিয়ে করতে। বিয়ে ক'রে যৌতুক লাভ করছে এবং পরবর্তী দিনগুলি কেটে বাচ্ছে স্বত কমে'। ডোম্বী-যোগিনীর প্রেমজালে রাত্রি অতিবাহিত হচ্ছে। ডোম্বীর সৃঙ্গে প্রেমে রত হ'লে তাকে আর হা যায় না। 1,— নৈরামণি কনেমুক্তি আ মহাসংহে রাতি পোহাই। ক্ষণেকের জন্যও ছাড়া যায় না।

অন্যত্র.—

প্রিয়াকে কন্ঠ সংলগ্ন ক'রে ক্ষিত্রিযাপনের কথাটি যতোই আধ্যাত্মিক অর্থ বহন কর্ক, আদি-রদাত্মক কাব্য হিসেবেও এর গোরব অটুট।

দুঃখানুভতির অভিব্যক্তি কয়েকটি চর্যায় বেদনাঘন পরিবেশ স্ভিট করেছে। একটি চুযার প্রারম্ভসূচক চরণ দুটিতে বল। হয়েছে-

> কাহেরে ঘিনি মেলি আছহ: কীপ। বেঢ়িল হাক পড়ই চৌদীস ॥

এর পরেই হরিণের প্রসঙ্গে এসেছে, স্বতরাং কথাগুলি একটি হরিণের বিপদাপন্ন অবস্থার ছবি। তবং পদটির প্রথমেই এ দু'টি চরণ মনের মধ্যে একটি বিপদাপন্ন অসহায় জীবনের সকর্ণ অবস্থার কথা স্মরণ করিয়ে দেয়। —কাকে নিয়ে কাকে ছেড়ে কীভাবে ষে আছি! আমার চারপাশ ঘিরে **হাঁক** পড়েছে আমাকে মারবার জন্য: একথার মধ্যে তংকালীন সাধারণ মানুষের দীর্ঘনিঃস্থাস ধর্যনিত হচ্ছে।

একটি দরিদ সংসারের বাস্তব আলেখ্য পাওঁরা বাচ্ছে-

টালত মোর ঘর নাহি পড়বেসী হাড়ীত ভাত নাহি নিতি আবেশী॥

নগরের উপাত্তে একখানি ঘর, আশেপাশে কোনো প্রতিবেশী নেই। দিন চলে না, হাড়িতে ভাত নেই। এমনি সকর্ণ অবস্থার দারিদ্রের স্থোগ নিয়ে সেথানে লম্পট পরেষ একছে প্রেম জমাতে। সর্বহারা মান্ধের অসহায়তা এখানে মনকে দপশ করে। অন্য একটি চর্যার এমনি দরিদ্রের সংসারে গভিণী রমণীর হদর-বেদনা প্রকাশ পেরেছে এইভাবে—'হউ' নিরাসী খমণ-ভতারী'— আমি আশাহীন, আমার দ্বামী কাপালিক। কাপালিক হরে সংসার পরিত্যাগ করেছে এমন দ্বামীর দ্বী যদি গভিণী থাকে তবে সংসারে তার বেদনা রাখবার হান কোথায়। মাকে লক্ষ ক'রে সে বলেছে

ফিটিলিউ গো মুক্ত অন্তউডি চাহি। জা এথ, চাহুৰ্মুসো এথ, নাহি। গহিলে থিজাণ মোর বাসন প্রে।। নাড়ি বিআরস্তে সেঅ বাপ্রে।।

জীবনের বড়ো টাজেডি বোধ হয় এইখানেই যে, কোনো পাওয়াই এখানে চিরছায়ী না। যে জীবনকে আমরা এতে। ভালোবাসি সেই জীবনকেও একদিন
বোভাবিক নিয়মেই ছেড়ে যেতে হয়। কবিকন্টে তাই ধর্নিত হয়েছে আক্ষেপোন্ডি

-'জে জে আইলা য়ভ তে গেলা', যা কিছ, এসেছিল সবি তো কালের অতলে
হারিয়ে গেল। এখন বেদনাভারাক্রান্ত হওয়া ছাড়া পথ কোথায়! তাই, অবনাগবনে কাহু বিমনা ভইলা'। সমন্ত চর্যাতেই এই বেদনা থেকে মর্জির আকৃতি।
ডঃ অরবিন্দ পোন্দার লিখেছেন—"চর্যাগীতির মধ্যে ইতন্তত যে সব খন্ড ও
পরিপর্ণ চিত্র ছড়ানো রয়েছে তার আলোচনা করলে একটা গভীর শ্নাতাবোধ
এবং দারিয়ের চিত্রই ফুটে উঠে।" কথাগ্লিকে আরো বিন্তারিতভাবে ব্যাখ্যা
ক'রে তিনি বলেন —

"চর্যাগীতির ভাষসম্পদ আলোচনা করলে সর্বপ্রথম যা মনে রেথাপাত করে সে হলো ভাষের অন্তরালে লকোনো অপরিসীম শ্নাতার বেদনা।—গীতি-কারগণ ইন্দ্রিয়কে, চিত্তকে বিনন্ট করার কথা ঘোষণা করেছেন। কারণ যে আশা চরিতার্থ করার উপায় নেই তাকে প্রশ্র দিয়ে লাভ কি?—মানুষের না পাওয়ার বেদনা অপরিসীম; চেয়ে না-পাওয়ার বেদনায় সংকুচিত হওয়ার চেয়ে না-চাওয়ার বৈরাগ্যকেই অনেক সময় শ্রেয় ব'লে মনে হয়।

চাওয়ার এই প্রেরণাকে ছোর ক'বে নাশ করা অতান্ত দুঃখকর ঃ মানুষের চাওয়ার. কিছু হওয়ার, নিজেকে স্ভিট করার চেতনাকে বাদ দিলে প্রকৃতপক্ষে ভার ছবিনকেই যে অন্বীকার করতে হয়। কিন্তু জবিনকে অন্বীকার কর। কি সহছে? না মানুষ ভাই গারে কখনও । সিদ্ধাচার্যগণও জবিনের মূল প্রেরণাকে অন্বীকার করতে পারেনি। তার ইন্টিয়রকে বিলোপ করতে চেয়েছেন, ইন্দ্রিয়ের মূলাধার চিত্তকে বিনন্ট করতে চিয়েছেন, কিন্তু সুখের বে-চেতনা, আনন্দের সে চেতনা মানুষের জবিছে সদা-জাগ্রত থাকে, তাকে বিনন্ট করতে চাননি। সুখ, আনন্দ সবই জিলা কামা; শুধু আমাদের ইন্দ্রিয়গ্রাহা প্রিবীতে তার আন্বাদ সম্ভাই ছচ্ছেনা বলেই তার। অন্যাহ সুখে ও আনন্দের অনুসন্ধান করছেন। কাহু পাদ তার একটি গানে বলেছেন—

এবংকার দিঢ় বাথোড় মোড়িউ
বিবহ বিআপক বান্ধণ তোডিউ।
কাহু বিলসই আসব মাতা।
সহন্ধ নলিনীবন পইসি নিবীতা
জিম জিম করিণা করিণিরে রিসই°।
তিম তিম তথতা মঅগল ব্রিসই।

(অর্থাং, একটি মদদন্ত হন্ত্রীর ন্যায় কাহ, পাদ সমন্ত বন্ধন ছিল্ল করেছেন এবং মহানদ্দে সহজনলিনীবনে বিহার করেছেন। হন্ত্রীনীর সঙ্গলাভ ক'রে হন্ত্রী যেমন আসন্তিমদ বর্ষণ করে, তেমনি কাহ, পাদও নৈরাত্মাদেবীর সঙ্গলাভ ক'রে তথতা বা নির্যাণ্যদ বর্ষণ করেছেন।)

স্থ-রস-সিণ্ডিত এই চিত্রটি অপর্প।…

অথন্ড সূথ ও আনন্দ লাভের চেতনা চর্যাগীতিকার মুলে। না-চাওরা এবং না-পাওয়া নয়, পরিপ্রে' পাওরা। এই পাওয়ার পরিবেশকে, নিমাণ-লাভের ক্রিয়াকে তারা শবর-শবরীর মিলনের স্থকর অন্ভূতি ও চিত্রবুপে কলপনা করেছেন।''8°

মূল কথা, ইণিদ্রের ভোগ লিংসাই যেন চ্যাগ্রিলর মূল উদ্দীপন বিভাব। অথাৎ বাহাতঃ জীবন-বিম্থ মনে হলেও জীবন থেকে স'রে ধেতে তাঁরা পারেন নি। উপমা-রূপকে তার প্রমাণ আছে। এ চ্যাগ্রিলতে যে দেহ-প্রাধান্য লক্ষ করা যার তার আধ্যাজিক ব্যাখা যতোই 'দেওরা হোক না কেন, তার মধ্যে দিয়ে তাদের ইহবাদী দ্ভিতির্সিটি প্রচ্ছর থাকেনি। তাই দেখা যাবে, চ্যাগ্রিলতে অতি সজীব এবং মনেক্রে যৌন-সভাগের চিত্রই বারে বারে ফিরে এসেছে। অবশ্য 'ঘৌন-সভ্যোগর চিত্র এবং যৌন-প্রতাক ব্যবহার ক'রেই প্রাচীন ও মধ্যযুগের লোক্রেকে ধর্মত ও পথের ব্যাখ্যা করা হতো। গভীর আধ্যাজিক আনন্দান্ত্রিকে ইন্দ্রিসভাগের চিত্র এবং প্রাণ্যা করা হতো। গভীর আধ্যাজিক আনন্দান্ত্রিকে ইন্দ্রিসভাগের চিত্র এক প্রকাশ করার প্রবণত। থেকে এটা সপন্টই নিঝা যায়, ইন্দ্রিয়ের বান্তবতা এবং ইন্দ্রিয়াহ্য বছু ও প্থিবীর সত্যতা সম্পর্কে সিদ্ধাচার্যদের চেতন। কত প্রবল ও গভীর। অনুক্ষণ তাঁহা ইন্দ্রির ও বঙ্গুপ্থিরীর আকর্ষণ বোধ করেছেন।, তাই তাঁদের ভাবজগতেও তা অনায়াসেই প্রতিফ্লিত হয়েছে। বিষ

এইখানেই ভাষা সম্পর্কে কথা উঠে। ভাবসম্পদের মতোই তাহাদের ভাষাও হয়ে উঠেছে ইন্দ্রিগ্রাহ্য লোকিক। পরিচিত জীবনের অতি সাধারণ ভাষায় তাঁরা কথা বলেছেন। শব্দও তাঁরা আহরণ করেছেন যেন একেবারে সাধারণ মানুষের মুখ থেকেই। কবিতার জন্য কোনো স্বতন্ত্র কাব্যগন্ধী শব্দরাজি তাঁরা অনুসন্ধান করেননি (এটা যে সব্ত প্রশংসাযোগ্য সে কথা বলা আমাদের উদ্দেশ্য নয়), কিংবা দৈনন্দিন জীবনে ব্যবহৃত কোনো শব্দকেই প্রয়োজন হ'লে গ্রহণ করতে তাঁরা ইতন্ত্রত করেননি। যে শব্দ তাঁরা ভাব-প্রকাশের উপযুক্ত বিবেচনা করেছেন কোনো দিধা ব্যতিরেকেই সে শব্দ তাঁরা ব্যবহার করেছেন।

কোনে। শব্দই তাদের কাছে অশ্লীল বিবেচিত হয়নি।—,নরঅ নারী মাঝে উভিল চীরা' (শহীদ্রাহ সাহেবের ভাষা অনুসারে এর অর্থ—'নর ও নারী মাঝে উধর্ব করিলাম লিক্ন') ৪৭, 'ডোদিব তো আগলি নাহি ছিণালী' (ডেদিব তোর মতো ছিলান আর নেই), বাদ্ড কুরন্ড সন্তারে জাণী' (লিক্ন কুরন্ড টের পাওয়া যায় সাঁতার দেবার সময়)—এই সব বাক্-বিনাাস এ যুগের কাছে যেমনই মনে হোক, সকালে নিশ্চয়ই এসব সাধারণের কাছে যথাসম্ভব পরিত্যাজ্য বিবেচিত হয়নি। তা ছাড়া নিশ্নবর্ণের দ্ব্দ্চরিত্রা স্বীলোক (চন্ডলী, ডোম্বী ইত্যাদি), মদ অবৈধ প্রেম প্রভৃতি ভালো মন্দ নির্বিশেষে সব্প্রকার সাধারণ রূপক চমাগ্রিতে নিবিদিয়ে বাবহৃত হয়েছে। অবশ্য সব্প্রই যে এগন্লি রসস্ভিতিত ব্রব সার্থক হয়েছে তা বলা যায় না।

বাংলাদেশের অতি পরিচিত সাধারণ জীবন থেকে চ্যাকারগণ উপমা, র্পক সংগ্রহ করেছিলেন। নদী, নৌকা, দুক্তি সাকো, ঘাট, পাটনী, মুষিক, তুলো, সোনা রুপা, কুঠার, খালা, বাসন জাপাসফুল, দাবাখেলা প্রভৃতি চার-পাশে ছড়িয়ে থাকা সাধারণ দ্রবাসামগুলী চর্যাগীতিতে উপমা-রুপকের উপাদান জ্বিয়েছে। তাই, এইগ্রিলর মুখ্যেদিয়ে সেকালের বাস্তব জীবনের মুখ্যেম্থি হই আমরা, আর কাব্য হিসাবে প্রথানেই এর সার্থ কতা।

পরিশেষে বলা যায়, অলম্কার শাস্ত অনুযায়ী নানপ্রেকার অলম্কারের সকানও চর্যাগ্রিলতে মেলে। অনুপ্রাস, শ্লেষ, কাকুবকোজি প্রভৃতি শব্দা লম্কার এবং উপমা, রুপক, সন্দেহ, নিশ্চর, সমাসোজি প্রভৃতি অর্থালকোর চর্যাগ্রিলতে সার্থাকভাবেই ব্যবহৃত হয়েছে লক্ষ্ণ করা যায়। কিন্তু আজকের যুগের কাব্য বিচারে এই জাভীয় শাস্ত্রীয় বিচার অপেক্ষা অনুভৃতি ও রুসের বিচারই মুখা—সেই দ্ভিটকোন ধ্বেকেই আমরা এর কাব্যমুল্য উপলক্ষির চেন্ট। করেছি।

।। दिण काल ও अधाक की वन ।।

চর্যাপদে যে দেশকালের ছায়। পড়েছে তার পরিচয় একালের পাঠকের কাছে যথেণ্ট কোডুহলোন্দীপক। সেকালের বাংলাদেশ ও বাঙালীর জীবন বাস্তব রসম্তিতি আত্মপ্রকাশ করেছে এই চর্যাগ্রলির মধ্যে।

हर्यागः नित्र मधा नित्र क्ले यनि, उरकानीन कोलामिक वाःनात अकि तेल কম্পনা করতে চেণ্টা করে তবে প্রথমেই চোখের সামনে ভেসে উঠবে একটি স্কের নদীমাতৃক দেশ, তার মধ্যে প্রচার, অরণ্য আর কোথাও কোথাও ছোট-খাট টিলা। টিলাগুলি নিশ্চরই ছিল দেশের উপাত্তে-পূর্ব অথবা পশ্চিম প্রাক্ত ঘে'বে। তিনদিকে পাহাড় ও একদিকে সম্দ্র ঘেরা এই দেশের নানা পরিচয়ে চর্যার্গাল সমান। সমাদের সঙ্গে পরিচয় যে খাব গভীর নয়, চর্যা-গ্রনিতে তার প্রমাণ আছে। সম্ভ আছে বাংলাদেশের,কয়েক শত মাইল উপকৃল জাড়ে অথচ চর্যাসমাহে এই সমাদের উল্লেখ-মাত্র আমরা পাছি মোটেই চারবার-তাও জীবনের সংগে সম্পাক্ত হয়ে নয়। 'ভবজলবি', 'মায়া-সমার' 'গগন-সম্দ্র' প্রভাতি উল্লেখ সম্দ্র সম্পত্তে লেখকের কোনো সাক্ষাৎ পরিচয়ের देकिত एम्स ना। त्करल ८२ मरशाक हवांत्र त्लथक रयशातन वरलन 'खात তরঙ্গ কি সোসাই সাঅর', তথনই সহসা বেন্সানে হয় এ সাগর লেখকের ৰান্তব অভিজ্ঞত। থেকে এসে কবিতায় স্কৃতি পাচ্ছে। কিন্তু এ ধরণের বর্ণনা এই একবারই। এতে মনে হয়, আমুদ্রের সাগের উপকূল সেকালে আরো ঘন অরণাসংকুল ছিল এবং ব্যক্তিলী-জীবন তখন আদৌ সমন্দ্র-বিহারী ছিল না। কিন্তুপাহাড়সম্পঞ্জি একখাবলাচলে না। যদিও বাংলার পাহাড় গালি একেবারে প্রান্তসীমা ঘোঁসে প্রাচীরের মতো দাাঁড়িয়ে আছে, তব, সেই भव एडाढे एडाढे পाराएफ प्रकारलं वामाली कीवरनंत य विकास स्टार्शिक्ल তার অপুরে জীবন্ত আলেখ্য চর্যাগ্রনিতে আমরা লাভ করি। উচ্চ, উচ্চ, পাহাডের উপর শবরী বালিকা বাস করে। তার জ্বীবন যাত্রার একটি চমৎকার বর্ণনা দিয়েছেন কবি শবর পা। তিনি দ্বাটি চর্থায় (২৮ ও ৫০) সেকালের পার্ব'ত্য বাংলাকে একেবারে জীবন্ত অমর করে ব্রেখে গেছেন। পাহাড়ের মাথায় বাঁশের চে'চাড়ি দিয়ে তার। চমংকার ঘর বানাত—ঘরের পাশে থাকত কাপ'ব্যের ক্ষেত্ ভাতে সাদা সাদ। ফুল ফুটত। রমণীরা মাধায় ময় রপভেছ কানে কন্ডল এবং গলায় গুঞার মালা প'রে ঘুরে বেডাত। কঙ্গুচিনা পাকলে তা দিরে মদা প্রস্তুত ক'রে খেয়ে মাতাল হ'ত তারা। জীবনে তাদের দু::খকণ্ট হয়ত ছিল, কিন্তু স্বাধীন বন্য জীবনের আন্দে উর্বেলিত ছিল তাদের দিনগ;লি।

বাংলাদেশের অধিকাংশই সমতল কের। সেই সমতলের উপর দিয়ে বয়ে গেছে আঁকা-বাঁকা কতাে নদী। অনেক দ্বে পর্যস্ত নদীগুলিতে জায়ার আসে, ফলে সব সময় দ্'তীরে থাকে কাদা, কিন্তু মাঝখানে অথৈ জল। নদীগুলাে পার হওয়ার জন্য আছে নোকা, আছে সাঁকাে। হাল ও দাঁড়ের সাহায্যে নোকা বাওয়ার কথা বার বার চর্যাগুলিতে এসে ভীড় করেছে, কোথাও কোথাও গ্ন টেনে উজান যাওয়ার কথাও বলা হয়েছে। নদীমাত্ক দেশের জীবন নদী-নিভার হবে সেইটেইতাে স্বাভাবিক। নদীগুলিতে ছিল জলদস্যু
ত কুমীরের ভয়।

বাংলাদেশে যেমন ছিল অসংখ্য নদী, তেমনি ছিল স্থাভীর অরণ্যের বিপ্ল বিভার। প্রচার রোদ বৃণ্টি এবং পলিমাটি-পড়া উবর জাম – খ্রে সহজেই অরণ্য স্থিতির অবকাশ ছিল এখানে। বিশেষত জনসংখ্যা ছিল তখন খ্রেই কম। সেই বিপলে অরণ্যে খ্রে বেশী কাওরা যেত হাতী এবং হরিণ। আশ্চর্য এই যে, বাধের কথা একবারও প্রকারী যায় না। বাংলাদেশের অরণ্য ব্যাঘ্র-সংকুল হওরারই কথা, অরচ রাজ্রের রাপক একবারও বাবহৃত হয়নি। সিংহ, শ্গাল ও শশকের কথা আছি। হরিণ শিকারের প্রসঙ্গ একটি বিশিষ্ট হ্যান অধিকার করে আছেন। মঙ্গল বাধ্য-সমাজের দেবী চন্ডী একটি বিশিষ্ট হ্যান অধিকার করে আছেন। মনে হয়, বাংলাদেশের আদিম অধিবাসীদের একটি বৃহত্তম অংশ ব্যাধ সংপ্রনায়কভূক্ত ছিল। হাতীর প্রসঙ্গ যেভাবে উল্লিখিত হয়েছে তাতে মনে হয়, বন্য হন্তীর অরণ্য-জীবনও কবির অভিজ্ঞতার বাইরে ছিল না।—

জিম জিম করিণ। করিণিরে রিসই"। তিম তিম তথত। মুখুণল ব্রিসই।।

হাতী যেমন ক'রে গ্রী-হাতীর উপর আসপ্তিমদ বর্ষণ করে তেমনি কান্পা তথতা বা নির্বাণমদ বর্ষণ করেছেন।—এ ধরণের পদ যে সাক্ষাং অভিজ্ঞতা থেকে লেখা সে কথা ব্রুক্তে অসুবিধা নেই। মনে হয়, হাতী সে সময় বাংলাদেশের জন্মলে প্রচুর পাওয়া যেত। অনুর্পভাবে, হরিণের যে বর্ণনা -পাওয়া যাচ্ছে ভাতেও পদকতরি বাস্তব পর্যবৈক্ষণলক অভিজ্ঞতাই মৃত্ হয়ে ৪৮ চ্যাগীতিক।

উঠেছে দেখা যাবে। হরিণ শিকারীর ভরে পালিয়ে যাছে, একথার বর্ণনার বলা হয়েছে - 'তরঙ্গেডে' হরিণার খবে ন দীসই।' হরিণের পলায়নপর মৃতি পদকভাদের বহুল অভিজ্ঞতার বিষয় ছিল, তাঁরা দেখেন—দ্রুত লম্ফ দিয়ে হরিণ যখন পালায় তখন তার খবুর যেন অদৃশা হয়ে যায়। হরিণও তখন বাংলাদেশের যত্ত্ব প্যপ্তি পরিমাণে পাওয়া যেত।

এই ভাবেই নদী-অরণ্য-পর্বত বেণ্টিত হাজার বছরের প্রোনো বাংলাকে জীবনত হয়ে উঠতে দেখি চর্যাগর্লির মধ্যে। নদীর মধ্যে গলা, যমনা ও পদ্মার নাম আছে। ভাগীরথী নদী স্থানীয় অধিবাদীদের কাছে গলা নামেও পরিচিত। এই ভাগীরথী, পদ্মা ও ষমনা মিলে বাংলার প্রাণধারাকে চির-সজীব রেখেছে। নদী ছাড়াও অসংখা খাল-বিলে ভরা এই বাংলাদেশ—সেখানে ফ্টে থাকত প্রচরে পদ্মা। পদ্মবনের প্রসঙ্গ স্বাভাবিকভাবেই চর্যাগর্লিতে একট্ব বেশ্য স্থান অধিকার করে আছে।

অধিকার ক'রে আছে।

এই ভৌগোলিক বাংলাকে প্রতাফ কুর্মের পর আমরা এক্ষণে সেকালের
সমাজ্ব-জীবনের দিকে দ্বিটনিক্ষেক্স করতে পারি। ইতিহাস-পাঠে জানা ষায়, পাল ও সেন আমলে ঝ্লেসিলেশে বর্ণবিনান্ত সনাজ-বাবস্থা প্রতিষ্ঠিত ছিল। সেন যুগে তো বাটেই পাল মুগেও বাহ্মণদের প্রাধান্য ছিল সমাজে। সমস্ত বাঙ্গালী সমাজ তিন্টি শ্রেণীতে বিন্যস্ত ছিল—ব্রাহ্মণ, শাব এবং অন্তাজ-অদপ্রায়। "ব্রহদ্ধর প্রোণের মতে রাহ্মণ বাদে অন্য সমস্ত জাতিই শুদ্র। ব্যাপকভাবে এই শুদ্র-পদবীর ব্যবহার সম্পকে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রকাশিত History of Bengal প্রকের (প্র: ৫৭৮) ব্যাখ্যা করিয়াবলা হইয়াছে বে. প্রোগাদিতে শুদু বলিতে 'not only the members of the fourth caste. but also those members of the three higher castes who accepted any of the heretical religions or influenced by tantric rites' ব্রাইত। ব্রদ্ধর্ম कार्तन भारतार्वत वामक अरथ मान भनवीत वावदारतत कारन ध्यारन काना राजा। যাহাই হউক –একটি তথ্য এখানে স্পণ্ট হইয়। যাইতেছে যে বাঙাল। দেশে ৰণ বিন্যন্ত সমাজ বাবস্থা প্রতিণিঠত হইলা যাইবার পরও ফারিয় বৈশ্য ইত্যাদি বণে'র সামাঞ্জিক প্রতিষ্ঠা বর্ণগতভাবে বিশেষ কিছুই ছিল না। সকলেই শুদু প্রযায়ে গুহুতি হইত; এবং দুইটি (অথবা চারিটি) বুণ ছাড়াও

অন্তাজ-অন্পূল্য বলিয়া শুদ্রের নিন্দের আর একটি শ্রেণীর অন্তিত্ব তথন ছিল, বিভিন্ন স্মৃতি প্রন্থেও ইহার প্রমাণ আছে। "৪৮—এই অন্তাজ- অনপ্রা সমাজের মান্বের জীবন ও আচার-বাবহার চর্যাগ্যুলিতে প্রতিফলিত হয়েছে লক্ষ্ করা যায়। কাপালিক যোগী, ডোন্বী, চন্ডালী, শবরী, ব্যাধ্য তাঁতি, ধ্যুনরী, শুদ্রি, মাহ্ত্ত, নট-নটী পতিতা প্রভৃতি নিন্দন্তরের মান্থই চর্যাগ্যুলিতে উম্জ্বল বর্ণে চিত্রিত হয়েছে। এই সকল নিন্দরণের মান্থ উচ্চবরণের দ্বারা অম্প্রশ্য তো ছিলই, আর্থিক দ্বর্গতিও ছিল চরম। তদ্পেরি ছিল সামাজিক অবিচার ও নির্যাতন। ডঃ অর্থিক দ্বর্গতিও ছিল চরম। তদ্পরি ছিল সামাজিক অবিচার ও নির্যাতন। ডঃ অর্থিক দ্বর্গতিও ছিল চরম। তদ্পরি ছিল সামাজিক অবিচার ও নির্যাতন। ডঃ অর্থিক প্রাপ্তা কেরেক, রুপকের অন্তর্গলে চোথ বাড়ালে আমরা দেখব, মূলতঃই সেগ্রেলি অস্তাজ জীবনের প্রতিজ্বি। ডঃ পোন্দারের অন্যুলণে ৬ সংখ্যক চর্যাটির অস্তর্গলে প্রবেশ ক্রতে চেন্টা করা যাক—

কাহেরে ঘিনি মেলি অন্তর্থ কীস।
বৈঢ়িল হাক পড়াই জাদিস।।
অপণা মাংসে জুরিণা বৈরী।
খনহ ন ছাড়ীই ভূস্কু অহেরী।।
তিন ন ছুবই হরিণা পিবই ন পাণী।
হরিণা হরিণির নিলঅ ণ জাণী।।
হরিণী বোলই হরিণা স্ক্ তো।
এ বন ছাড়ী হোহ, ভাষ্টো।।

"হারণ এখানে মন। ব্যবহারিক পৃথিবীর দিকে সে সর্বদাই প্রদারিত হ'তে চায়, তাই বস্তু-সংস্পর্শে তাকে আহত হ'তে হয়। কেননা মনের তৃষ্ণা সেখানে তৃপ্ত হয় না, এই অতৃপ্তি থেকেই আসে দর্খ। এই সব দর্খই মনকে ব্যাধের মত চেপে ধরে। হরিণের স্থানে মনকে না বসিয়ে যদি ভূস্যকুকে অর্থাৎ প্রতাক্ষ বাস্তব সমাজে বিচরণশীল মানুষ্টিকে বসাই, তাহ'লে চিত্রটা এইর্প দাঁড়ায়ঃ ভূস্যকুকে মারবার জন্য চারিদিকে ষড়যথেত্বর কলরব শোনা যাছে: তার নিজের গ্রেণর জন্যই তার এই বিশ্বদ। তাই মনের দর্শ্ব সে

পানাহার ত্যাগ করেছে, কিন্তু মনুন্তির পথ কি তা সে জানে না। মনুন্তির প্রেরণা তাকে বলছে, এই এলাকা ছেড়ে আর কোথাও চলে যাও। সেই আহ্মানেই সে দ্রুতগতিতে চলে এসেছে এবং এসে নিজেকে বাচিয়েছে। সমকালীন সমাজের যে চিত্র আমরা পেয়েছি, এবং সামাজিক নিন্নবর্ণের প্রতি উচ্চবর্ণের অনুদার ব্যবহারের যে পরিচর আমরা পেয়েছি, তাতে এই চিত্রটিকে এবং ভুসনুকুর অচেতন অব্যক্ত মনুন্তি-প্রের্ণাকে বিন্দুমাত্রও অসংগত মনে হয় না।"

ডঃ পোন্দারের এই ব্যাখ্যা আমাদের কাছে য;তি সংগতই মনে হর। किस् কেউ যদি একে একান্ডই আরোপিত ব্যাখ্যা ব'লে উডিয়ে দিতে চান তাহ'লেও একান্ত স্থ্লভাবে দেখলেও, চর্যাগৃলিতে যে ম্লেডই অস্প্রা মান্বের কথাই চিত্রিত হয়েছে সে কথা কেউ অস্বীকার করতে পারবে না। অস্পূদ্য <mark>ডোন্বীটিক</mark>ে বাস করতে হয় নগরের বাইরে এমটি কুড়েতির। শবরী বালিকারও বাস নগরের মধ্যে সকলের সঙ্গে নয়—পবিভাগিলে টিলার উপর সে বাস করে যেখানে সমতলের তথাক্থিত উচ্চুর্ক্সের মানুষের গতিবিধি বড়ো একটা নেই। সব চেয়ে সকর্ণ ছবিটি পাওয়া বাচ্ছে ৩৩ সংখ্যক চর্যায়। নগরের এমন একটি অংশে তার বাস ^{হি}যেখানে তার কোনে। প্রতিবেশী নেই। অত্যন্ত দরির দে। সব দিন হাড়িতে ভাত থাকে না। সেজন্য কারো সহানুভুতি নেই। বরং তার সেই দরিদ্রের স্বাবোগে লম্পট প্রেমিকের নিত্য ভীড় জমে তার বাড়িতে। উচ্চকোটি লোকদের নিন্নসম্প্রদায়ের প্রতি যে নিন্ধুর অশ্রদ্ধার মনোভাব এখানে প্রকাশ পেয়েছে তা তংকালীন সমাজের খাঁটি প্রতিচ্ছবি মনে করতে বাধা নেই। তান্তিক সাধক যেখানে সমাজের কোন বাধা বা রীতি-নীতিকে মানছেন না। সেখানে তার সেই উদ্ধত বিদ্যোহকে তিনি প্রকাশ করেছেন এই ভাষায়---

আলো ডোন্বি ত্যেএ সম করিব মো সাঙ্গ।

ওলে। ডোন্বি, তোকেই আমি বিয়ে করব। অর্থাৎ এই ডোন্বী সমাজের চোথে এমন একজন জবি যাকে বিয়ে করতে চাইলে সমাজকে কঠিনতম অবজ্ঞা দেখানো সম্ভব হয়। সেকালেও সমাজে বে-যতে। ছিল ভন্ড ধড়িবাজ সেই তত বলবান ছিল।
সমাজ জীবনে খবে একটা সঙ্গতি যে ছিল না, অত্যাচার-উৎপীড়নের দারা অন্যায়ভাবে যে জীবনকে বহুকেনেই দ্বিষহ ক'রে তোলা হ'ত চ্যাগীতিগ্রনিতে সে
কথার সমর্থন মেলে।

জ্যে সোব্ধী সেমহ নিব্ধী।
জো সোচোর সোহি সাধী॥
নিতি নিতি সিআলা সিহে সম জ্বই। (৩৩)

ষে বৃবেশ সেই নির্বোধ, যে চোর সেই সাধ্—প্রতিদিন শিয়াল যুদ্ধ করে সিংহের সঙ্গে। কথাগনিল রুপকার্প ধাই হোক, এ যে তৎকালীন বান্তব সমাজ-পরিবেশেরও ছবি তাতেও সন্দেহ নেইছে সিংহ হচ্ছে পশ্বন রাজা। রাজা যেখানে অত্যাচারী হয়ে ওঠে সেখানে প্রজার দুর্গতি সহজেই অনুমেয়। সেকালের হিন্দু রাজন্যবর্গ বৌদ্ধদের প্রস্তুর্ম যে নির্মান অত্যাচার চালিয়েছিল— যার ফলে অনেক বৌদ্ধই যে নেপালুক্তি শ্বত প্রভৃতি অগুলে পালিয়ে বে'চেছিল সে কথা আজ ঐতিহাসিক কৃষ্টা। বৌদ্ধ সহজিয়াদের রচনায় সেই মর্মপুদ্ অত্যাচারের ছাপ পড়েছে। কী কঠিন ছিল সেই জীবন-সংগ্রাম যেখানে শেয়ালের মতো একটি ক্ষুদ্র প্রাণীও রাজার অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম ক'রে টিকে থাকবার চেন্টা করছে!

৪৯ সংখ্যক চর্যাতে বলা হরেছে—'বক্ত নৌকা পাড়ি দেওয়া হ'ল পণ্মার খালে, অন্বয় বলাল দেশ লন্নিঠত হ'ল।…নিজ গৃহিণী চন্ডাল কত্ ক গৃহীত হ'ল।…নিজ গৃহিণী চন্ডাল কত্ ক গৃহীত হ'ল।…আমার সোনা রুপা কিছাই থাকল না। নিজ পরিবারে মহাসনুথে থাকলাম। চতুদ্কোটি আমার ভাল্ডার নিঃশেষ ক'রে দিল। জীবন্তে এবং মরায় পার্থ'কা নেই।'—অশান্তি ও অরাজকতার সন্পণ্ট অভিবাক্তি এই চ্যাটি। এমন একটি অবস্থায় পদকতা পতিত হয়েছেন যখন তিনি বেংতে থাকা কিংবা ম'রে যাওয়ার মধ্যে কোনো পার্থ'কা উপলব্ধি করতে পারছেন না। তার সমস্ত ভাল্ডার যে নিঃশেষ হয়ে গেছে।—এই হচ্ছে সাধারণভাবে সেকালের বিশ্বত জনসাধারণের ছবি।

5যাগী। তকা

চোরের উপদ্রব খাব কম ছিল না। 'কানেট চোরে নিল অধরাতী' – এই স্পণ্ট উক্তি তো আছেই তা ছাড়াও ৩০ ও ৩৮ সংখ্যক চর্যার চোর ডাকাতের উল্লেখ পাওয়া যায়। ৪ সংখ্যক চর্যার চোরের ভরে ঘরে তালা-চানি লাগানোর উল্লেখ আছে।

সমাজের নৈতিক অবস্থা খ্রেউলত ছিল এমন মনে করার কোন কারণ নেই। গৃহস্থ বধনও রাত্রে অভিসার যাত্রায় বের হয়। নাগরালী, কামচন্ডালী ছিনালী, পতিতা, লম্পট প্রভৃতি রূপক চর্যাগুলিতে একাধিক বার ব্যবহৃত হয়েছে। এগালি নিঃসন্দেহে তংকালীন সমাজের নৈতিক অধঃপতনের সমুস্পণ্ট ইন্ধিত দিছে। সেকালের বাংলাদেশের যৌন-অনাচারের উল্লেখ বাংস্যায়নের কামগাস্তেও পাওয়া যায়। "বাংস্যায়ন তাঁহার কাম সাত্রে গৌড়-বঙ্গের রাজাভঃপরে কামচাত্র্যলীলার এবং নির্লাগজন কামিলিয়ার উল্লেখ করিয়াছেন (তাতীয়চত্ত্র্য শতক), এবং বৃহত্পতি বলিয়াছেন ক্রিপ্তিলার বিশ্বর বাংলারে ক্রিলি বাংলারে দন্নীতিপরায়ণ।...রালগুলিল নারীকে বিবাহ করিতে পারিত না কিন্তু সাদ্র নারীর সঙ্গে বিক্রিপ্তিলিল নারীকে বিবাহ করিতে পারিত না কিন্তু সাদ্র নারীর সঙ্গে বিক্রিপ্তিলিল নারীকে বিবাহ করিতে পারিত না কিন্তু সাদ্র নারীর সংস্ক বিক্রিপ্তিলিল নারীক বাংলার সম্ভি শাস্তের বিধান।" তাতএব দরিদ্রা অন্প্রাণ্ডার বাড়িতে উচ্চ কোটের যাবকের আনাগোনার চিত্র (৩৩ সংখ্যক চর্যা) সেকালের স্বাভাবিক সমাজচিত্র হিসেবেই গ্রহীত হবে।

সমাজের নৈতিক অধঃপতনের সঙ্গে মদের একটি বিশিষ্ট ভ্রিকা থাকে।
একটি চর্যায় মদের দোকানে মদ তৈরী ক'রে বিক্রয় করার চিত্র পাওয়া
যাছে (৩ সংথাক চর্যা)। মদের দোকানে চিহ্ন দেওয়া থাকত যা দেথে খন্দের
আসত সেখানে। এ ছাড়াও অনেকে নিজের বাড়িতেই মদ তৈরী ক'রে নিত।
মদ তৈরীর উপাদানর পে চিকণ: বাকল এবং কঙ্গ্রাচিনার উল্লেখ পাওয়া যাছে।
৫০ সংখ্যক চর্যায় শবর-শবরীর মদে মাতাল হওয়ার চিত্র আছে।

সেকালে নৃত্যগীতবাদ্য ও অভিনয়-কলার ব্যাপক চর্চা ছিল। চর্যা গীতিগুলি রাগরাগিণী ও বাদায়ন্ত সহকারে গীত হ'ত। চর্যার ডোন্বী নৃত্যকুশলা কলাবতী রমণী। এক সো পদমা চউসট্ঠী পাথর্ডি। তহি° চড়ি নাচই ডোল্বি বাপর্ডি।।

একটি পদেরর চৌষট্টি পাপড়ীতে চ'ড়ে ডোম্বী নাচে। অসাধরণ নৃত্য-কুশলা ঐ ডোম্বী—এখানে বড়ো চমৎকার ভাষায় তা প্রকাশ পেয়েছে। আর একটি চর্যায় পাওয়া যায়—

> নাচন্তি বাজিল গা অতি দেবী। বুদ্ধ নাটক বিসমা হোই।।

বজ্রধর নাচছেন, দেবী গাইছেন—এই ভাবেই বৃদ্ধ-নাটকের কঠিন অভিনয় সমুসম্পন্ন হচ্ছে। সম্ভবত নৃত্যগীতবাদ্যের মাধ্যমে বৃদ্ধদেবের যে জীবনলীলা অভিনীত হ'ত তাকেই বলা হ'ত ৰুদ্ধনাটক। এই নাটকে যে বাদায়ুবের ব্যবহার হ'ত তারও বর্ণনা উক্ত চর্যাতেই পাওয়া খ্লাছে—

मृद्ध नाडे मिन नार्शान किया। जगरा मान्डी हाकि किया जनभूकी।। वाकरे जाता मुक्कि देशमूच वीगा। मृग जास्त्रिकी विनमरे कश्चगा।

স্থা হ'ল বীণার লাউ (অর্থাৎ খোল), চন্দ্রকে করা হ'ল তন্দ্রী। অনাহতকে করা হ'ল ডান্ডা এবং চাকি করা হ'ল অবধ্তীকে। গুলো সথি, হের্ক-বীণা বাজছে, কর্ণাধননি শ্নোতা-তান্তত বিলসিত হচ্ছে। স্পণ্টই ব্ঝা যাছে লাউ-এর খোলা আর বাশের ডান্ডাতে তার লাগিয়ে তার সঙ্গে চাকি জ্তে দিয়ে এক প্রকার বাদ্যয়ন্ত্র তৈরী হ'ত। বিবিধ বাদ্যয়ন্ত্র নাম চ্যাগ্রনিতে পাওয়া যাছে, যেমন—পটহ, মাদল, করন্ড, কসাল, দ্বন্তি, ভমর্ ডমর্লি, বীণা ইত্যাদি। ধমীয় উৎসব কিংবা বিবাহাদি সামাজিক কিয়াক্মে বাদ্য সহযোগে নৃত্যগীতাদি অন্তিত হ'ত। ১৯ সংখ্যক চ্যায় একটি বিবাহন্যার বর্ণনা পাওয়া যাছে—

ভব ও নিব'ণে হ'ল যথাক্রমে পটহ ও মাদল। মন ও পবন হ'ল দ;'িট বাদ্যেশ্র, যথা করণ্ড ও কশালা। দ্শেন্ভিতে জয় জয় শবদ উচ্ছলিত হ'ল' কান্চললেন ডোম্বীকে বিয়ে করতে।

এই বিবাহ উপলক্ষেই পদটির পরবর্তী চরণ থেকে যৌতুক লাভের ইঙ্গিত পাওয়া যাচ্ছে। মনে হয়, বিয়ে ক'রে সেকালে বরপক্ষ যৌতুক লাভ করত।

তংকালীন বাঙালীর একেবারে ঘরোয়া-ছীবনের পরিচয়ও চর্যাগ্রিলতে দ্বনীরিক্ষ্য নয়। বধ্রা শ্বদ্র-শাশ্ব্ডী-ননদ প্রভৃতিদের সঙ্গে একত্রে ঘর করত, বাপ মায়ের সঙ্গে শ্যালিকার উল্লেখ থাকায় মনে হয়, অনেক সংসারে শ্যালিকারাও সেকালে প্রতিপালিত হ'ত। হাঁড়িতে ভাত না থাকাটাই সংসারের চরম বিপর্যায়কর অবস্থা বিবেচিত হওয়ায় মনে হয় ভাতই ছিল প্রধান খাদ্যবস্থা। হরিণ শিকারের উল্লেখ থাকার ব্ঝা যাছে হরিণের মাংসও তখন বাঙালীর প্রিয় খাদ্য ছিল। তবে উচ্চবর্ণের ব্রাহ্মণরা মাংসাশী ছিলেন না – এই অনুমানই অধিকতর যুক্তিসংগত হ'তে পারে। কেননা চর্যাতে মল্লতঃই নিন্নবর্ণের সাধারণ মান্ব্রের পরিচয়ই মৃত্র হয়ে উঠেছে। দ্বধের উল্লেখ একাধিক চর্যায় পাওয়া যায়।

প্রির খাদ্য।

দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় দুরুর্যামগ্রীর একটি তালিক। চর্যাগন্লি খেকে
তৈরী করা যায়—

বাসন-পত্ত: —পীচ়া (দুর্ফ দুইবার পাত্রবিশেষ), ঘড়ি (ঘড়া), ঘড়ুলী

বাসন-পত: —পাঁঢ়া (দ্ধি দুইবার পার্তাবিশেষ), ঘড়ি (ঘড়া), ঘড়্লা (ছোট ঘটা), হাড়ি ইত্যাদি। অলংকার ও প্রসাধন সামগ্রী: বাজন-ন্পুরে (ঘন্টা নেউর), ক্-ডল, মুক্তাহার, কাঁকণ, সোনা-র্পা, তেল, আয়না ইত্যাদি। সংসারে নিত্য প্রয়োজনীয় অন্যান্য দ্রব্য: — কুঠার, টাঙ্গি, পিশিড, চাঙ্গারি, পেটরা ইত্যাদি।

ে এ ছাড়া সাঁকো তৈরী ('৫ সংখ্যক চ্যা'), গৃহ নির্মাণ (৫০ সংখ্যক চ্যা') প্রভৃতি বাঙালী-জীবনের অবিচ্ছেন্য কমিন্টোর অংশ ছিল। ঘর সাধারণতঃ বাঁশের চাঁচাড়ি এবং খড় দারা তৈরী হ'ত। খড়ের দ্বর আগ্নন লেগে প্রড়ে বাওয়ার কথা বণিত হয়েছে ৪৭ সংখ্যক চ্যার।

বিভিন্ন বৃত্তিজীবী বাঙালীর পরিচয় করেকটি চযায় পাওর। যায়।
নৈকা বাওয়া, হরিণ শিকার, মদ্য প্রস্তুত, এবং দস্যাবৃত্তির কথা প্রেই
প্রসঙ্গনে লক্ষ করেছি। ধ্নরীদের তুলা ধ্নার চিত্রও এখানে লক্ষ কর।
বেতে পারে—

তুল। ধর্ণি ধর্ণি আস্করে জাস, আস, ধর্ণি ধর্ণি নিরবব সেস,।।

স্কোলের কর্মারত মান্ধকে বড়ো স্নুদ্রভাবে পাওয়া যার এথানে। কুঠার বারা বাক্ষ ছেদনের প্রসঙ্গ উলিখিত হয়েছে ৪৫ সংখ্যক চর্যায়।

আমন ধানে ই'দ্বের উপদ্রের কথা পাচ্ছি ২১ সংখ্যক চর্যায়। কৃষিকার্বের কোনো স্পন্ট উল্লেখ অন্যর না থাকলেও এখানে তার ইঙ্গিত অত্যন্ত স্পন্ট। ইন্দ্রের উপদ্রের সেকালের কৃষি হয়ত জনেক সময়ই বিপর্যান্ত হ'ত।

'তান্তি বিরুণিহ ডোম্বী অবর মো চাঙ্গিড়া'— এই চরণের ইঙ্গিত থেকে মনে হয় ডোম্বীদের জাতীয় বৃত্তি ছিল তাঁত বোনা ও চাঙ্গারি তৈরি করা।

সেকালের গৃহপালিত পশ্র মধ্যে গর্ই ছিল প্রধান। একাধিক চ্যার বলদ ও গাভির উল্লেখ পাওয়া যায়। হাত্রী যে সেকালের গৃহপালিত পশ্র মধ্যে ছিল তাও স্বচ্ছেন্দে অনুমান ক্রুতিল। হাতী বাধার স্তম্ভ ও শিকলের উল্লেখ একাধিক চ্যায় পাওয়া মুক্তি। সম্ভবত হাতী ছিল কেবলি ধনীদের গৃহপালিত পশ্। তবে সেকালে অরণা-ভ্ষির প্রাচ্যে হেতু সাধারণের পক্ষেও হাতী পোষা খ্র একটা বায়বহাল হ'ত ব'লে মনে হয় না।

এইভাবে চ্যাগীতিগুলি ভালোভাবে পর্যালোচন। করলে তংকালীন জীবনের অনেক বান্তব চিত্র এতে পাওয়া যাবে। আগেই বলেছি, এই যে বান্তব চিত্র চ্যাগুলিতে পাওয়া যাছে তা হছে অস্তাজ-জীবনের। দেশের রাজনৈতিক অথবা উচ্চকোটির মান্বের সামাজিক জীবন চ্যাগুলিতে বড়ো একটা প্রতিদ্দালত হয়নি। তবে একেবারে হয়নি বললে কিছুটা ভুল বলা হবে। প্রের্বর আলোচনাতেই আমরা দেশছি 'উচ্চবর্ণের মধ্যে সেকালে যোন-অনাচার ছিল খ্র বেশি। 'উচ্চবর্ণের লোকেরা নিন্নবর্ণের লোকদের যেমন অস্প্র্ণা বিবেচনা করত তেমনি নিন্নবর্ণের মান্বের কাছে তারা বাঙ্গ-বিদ্রুপের পাত্রও হ'ত কথনো কখনো। একটি চ্যায় তো রাজ্গদের প্রতি প্রকাশ্য বাঙ্গ প্রদিশিত হয়েছে, তাদের বলা হয়েছে 'নেড়ে বাম্ন'। উচ্চবর্ণের লোকদের মধ্যে সোনা-র্পায় নোক।

ভ'রে বেয়ে যাওয়ার কথা বলা হয়েছে। এইভাবে ধনরত্ন বোঝাই ক'রে চলতে পথে যে জলদসনুর দায়া হত-সব'ম্ব হওয়ার ভয় ছিল তাও জানা ঘাচ্ছে দ্'টি চর্যায় (৩৮ ও ৪৯)।

দাবা খেলার রূপক একটি চর্যায় (১২ সংখ্যক) ব্যবহৃত হয়েছে। দাবা খেলা ছিল অবসর বিনোদনের একটি প্রিয় পদ্হা। অনুমান করা চলে, সমাজের উচ্চতর সম্প্রদায়েরই প্রিয় খেলা ছিল এটি।

রাজা ও রাজ্যসংক্রান্ত ব্যাপারও দ্ব-একটি পদে লক্ষ করা যাচ্ছে—

দাঢ়**ই হরিহর বাম্**হ ভট্টা। ফীটা **হই নবগ_ন শাসন** পট্টা।।

সেকালের রাজারা শাসন-পট্ট প্রচার করতেন। এখানে চরণ দুটি থেকে সেকালের রাজ্য-সংক্রান্ত কোনো দুর্যোগের ইঙ্কিত পাওয়া যাচ্ছে।—হরি-হর-ব্রহ্ম দক্ষ হয়। দক্ষ হয় নবগান শাসন-পট্ট প্রি-ইন্টি বর্ঝা যাচ্ছে, হরি-হর-ব্রহ্ম। শব্দ গানির দারা রাজ্যের শবি স্থানী চি বাজিদের প্রতি ইঙ্গিত করা হয়েছে। সব ব্যাপী ধরংসের মুখে রাজার শ্রেষ্টি পটি (সাহিচার ?) বিল্প্তে। ৪৮ সংখ্যক চর্যাটি পাওয়া যায়নি। কিছি তার তিব্বতী অনুবাদ অনুসারে স্কুমার সেন যে কলিপত পাঠ্য ভিহর করেছেন তাতে দেখা যায় —

বিষয় ইণিদপরে সব্জিতেল শ্নরাজ মহাসমুহে ভইল।। তুর শাংশ ধননি জনহা গাজই মোহ ভববল দুরে ভাক্সই।।

"বিষয়েণিদ্রের দ্রাপিমন্থ জিত হইল, শানারাজ মহাসাথী হইলেন। তুর'শঙ্থ-ধননি অনাহত গজ'ন করিল, সংসার-মোহ (রুপ) সৈন্য দ্রের
পালাইল।"

বলাই বাহুলা, এটি যুদ্ধ-বর্ণনা। রাজ্য-চালনা সংক্রান্ত আরে। দ্বু'একটি খু'টি নাটি সংবাদ অন্যান্য চর্যা থেকেও পাওয়া যায়। 'উআরি'ও 'দুবাধি' শবদ দ্বুটি পাওয়া যাচ্ছে যথাকমে ১২ ও ৩৩ সংখ্যক চর্যায়। উআরি হচ্ছে কাছারি আর দুবাধি অর্থ চর বা গুনুস্তার। এ সব ছিল রাজ্য-শাসনের অপরিহার্য

অঙ্গ। ১৫ সংখ্যক চযায় 'গ্ৰুমা' শব্দটি পাওয়া যাছে থানা অর্থে। জানা যাছে,
নদীঘাটে বেখানে বাণিজ্যিক পণ্যের চলাজ্যু অধিক হ'ত সেখানেই শ্ৰুকআদায়ের জন্য কর্মভারী বসানো হ'ত। ব্যক্তিশাসন ব্যাপারে এর অধিক কিছুই
জানা যার না।
এতাক্ষণের আলোচনা থেকে ক্রিক্তা আশা করি দপ্ত হয়েছে বে, তংকালীন

এতোকণের আলোচনা থেকে জিক্তা আশা করি দপত হয়েছে থে, তংকালীন দেশ-কাল ও সমাজ-জীবনের নিনাবিধ পরিচরে চর্যাগীতিকাগর্নি সম্জ। এগর্নির মধ্য দিয়ে আমাদের অতীতকে যেন জীবস্তর্পে দপশ করতে পারি।

भामते कि।

- ১—অসিত কুমার বল্যোপাধ্যয়—বাংলা সাহিত্যের ইতিবৃত্ত (১ম), ২য় সংস্করণ, কলিকাতা, ১৯৬৩, প্র: ১৫৭
- ২—হরপ্রসাদ দাঁদ্রী—বৌদ্ধগান ও দোহা, দ্বিতীয় মন্ত্রণ, কলিকাতা, ১০৫৮; প্রঃ মনুখবদ্ধ ৩
- ৩- ঐ প্রঃ ম্ববন্ধ ২
- ৪-वे, भाः भागवन्त ८
- ৫—অসিত কুমার বন্যোপাধাার প্রাগত্ত্ব, প্র ১৬১
- ৬ ঐ, প:ঃ ১৬২
- a স্কুমার সেন- हर्यागीजि-अमावनी, वर्धमान, ১৯৫५ প্র ১
- ৮-मगीन्द्र त्याद्दन वन,-हर्याशम, भाः १०
- ১-ঐ, পঃ ১০
- ১০-তিশ্বতে যে সকল ভারতীয় গ্রন্থে সন্বাদ সেকালে হয়েছিল, সেগনুলো দুভাগে বিভন্ত ক'রে তালিক্ষ্প্রেই করা হ'ত (১) কেঙ্গুর, (২) তেঙ্গুর। কেঙ্গুর তালিকায় সেই স্কৃতি গ্রন্থ ছান পেত যেগ্লোতে বৃদ্ধদেবের বাণী থাকত: অবশিণ্ট অন্যান্য গ্রন্থ তেঙ্গুর তালিকায় স্থান পেত।
- 55—S. K. Chatteriee—Origin and Development of Bengall Language vol 1. p. 120-123.
- ১২ অসিত কুমার বন্দ্যোপধ্যায় প্রাগত্তে, প্রঃ ১৬৭
- ১০—ম্হম্মদ শহীদ্বলাহ্—বাংলা সাহিত্যের কথা (১ম খণ্ড). (পরি-বর্তিত ও পরিবর্ধিত সংস্করণ, ঢাকা ১৯৬০) প্র ১-৮
- 58-4, 97: F
- ১৫—ঐ, প্র: ৩
- 36-S. K. Chatterjee Op. Cit. p. 122
- ১৭ निननीनाथ पामग्रन्थ वाज्ञानाय द्वीक्षम्, भाः ५०४
- ১৮-मारम्म मरीमाल्लार-धागाल, भाः ७

১৯-- थे भृः ३**१-**०३

२०-वे, भः २१-२४

২১-সাকুষার সেন—প্রাগাকু, প্ঃ ৫ ও ১০

२२-थे. भृ: ७

২৩ — মুহম্মদ শহীদ্লাহ্ – প্রাগ্ত, প্ঃ ৫১

28-K. L. Barua- Early History of Kamarupa p. 149

२६ - इत्रथमान माध्यी - थागुळ भुः ४

26-S. B. Dasgupta-Obscure Religious Cults as background of Bengali Literature, Calcutta 1946, p. 27

२१-- ममी ज्वन नामन : अ - जात्र जीत माधनात खेका, किनाजा ১०৫৮. भू: २०

২৮-মণীন্দ্ৰ মোহন ৰস,-প্ৰাগ্ৰন্ত, প্ঃ ৩৸১০

৩০ —শশিত্যবদ দাসগাল্প — প্রাগাল্ত, প্রে ১৯ ৩১ — সাকুমার সেন — প্রগাল্ত, প্রে ১৯ ৩২ — মাহম্মদ শহীদালাত — প্র

৩০ – স্কুমার সেন – প্রাগ্ত জিঃ ৩১

৩৪-সভারত দে - চর্যাগীতি পরিচয়, কলকাতা ১৯৬০, প্: ২৫

०६-माहस्मन महीनालार-आगाल, भाः ४४

৩ ৬—বিষ্পেশ্বর লাম্ত্রী—Indian Historical Quarterly vol. IV, 1923

oq-P. C. Bagchi-Studies in the Tantras, p. 27

৩৮-সভ্যৱত দে–প্রাগ্যে প্র ৩২

৩৯ -- নীহার রঞ্জন রায়-বাঙালীর ইতিহাস (আদিপর) কলিকাতা, ১০৫৯ বছাক প: ৭০৫-০৬

১০—অসতিক্মার বল্টোপাধ্যায়—প্রাগত্ত, প্র ১৮০

82-4, 4: 242-A0

৪২ -- রাজ্যেশ্বর মিদ্র-বাঙলার সঙ্গতি (১ম খন্ড) প্র: ৪৫

৪০ -- নীহার রঞ্জন রায় -- প্রগার পাঃ ৭৬৪

৪৪-সাকুমার সেন-প্রাগারে, প্র ২

86 - अवियम लामात - यानवर्धय छ वाश्ना कार्या यथायून, क्लिकाजा, ১৯৫২ প.: ২৮-০০ ৪৬ ঐ, প.: ৩৭ ৪৭—মন্হন্মদ শহীদ্লোহ— Buddhiss Pystic Songs, Dacca, 1966, p. 12.

৪৮-সত্যত্ত দে-প্রাগ্যক, প্: ১৯৬-১২

৪১ - অরবিন্দ পোন্দার-প্রাগর্ভি, প্ঃ ২০

60-नीश्व त्थन नाम-लाग्रक, न् १ ६३७

৫১ - স্কুমার সেন - প্রাপ্ত, প্ঃ ১৯১

मर्गेशिकिंग अन्त ७ जन्मक्ष्मिकाथ' ७ हेरीकानस)

সংকেত-বিৰুতি

- (ক) বৌদ্ধগান ও দোহা (হর্যাচষ্টবিনিশ্চয়) হরপ্রসাদ শাস্ত্রী
- (a) Buddhist Mystic Song (Revised and Enlarged Edition: 1966)
- (গ) Materials for a Critical Edition of the Old Bengali Caryapadas
 —প্রবোধ চন্দ্র বাগচী
- (ব) চ্যাগীতি-পদাবলী -স্কুমার সেন
- (ঙ) মূল প্রথির পাঠ

सर्हेशामानाम् बाग - अप्रेमस्वी

কাআ তর্বর পাঞ্চ বি ভাল।

চঞ্চল চাঁএ পইঠাই কাল ॥ । ধ্র] ॥

দিঢ় ভ করিঅ মহাস্থ পরিমাণ।
লাই ভণই গ্রে, প্ছেঅট জাণ ॥ ধ্র ॥
সঅল সমাহিঅই কাহি করিঅই।
স্থ দ্থেতে নিচিত মরিঅইউ ॥ ধ্র ॥
এড়িঅউই ছাল্ট বাদ্ধ করণ কপটেরইই আস।
স্ন্ত পথে ভিড়িই লাহ্ব রে পাস ॥ ধ্র ॥
ভণই লাই আম্ধে ঝাণেইই জিটাইট।
ধ্যণ চৰণইই বেণি পিয়েইটিইই বইঠাইটি॥ ধ্র ॥

--
১. পঞ্চ (ক) ২. স্কুটো (ক) ৩. দিট (ক) ৪০ প্রিছ্ম (ক, ছ)

পাঠান্তর :--

১. পঞ্চ (ক) ২. প্রেক্টা (ক) ৩ দিট (ক) ৪ প্রাছ্ত (ক, ঘ)
৫. সহিজ (ক) ৬৮ মিরিআই (ক, ঘ) ৭. এড়িএউ (ক) ৮. ছাদ্দক
(ক) ৯ করণক (ক, ঘ) ১০ পাটের ক, ঘ) ১১ স্নুন্ (ক, ঘ)
১২ ভিতি (ক) ১৩ সাণে (ক, ঘ) ১৪ দিঠা (ক, ঘ) ১৫ চনণ
(ক, ঘ) ১৬ পাদিড)ক গ) ১৭ বইণ (ক)

पकाष', भीका, बारशंख :-

কাআ – কায়। পাণ বি—পাঁচটিই; বি—অপি-জাত। চীএ—
চিত্ত + এ (সপ্তমীর চিহ্ন) > চীঅ + এ = চীএ। পইঠা—প্রবিন্টঃ >
পইট্ঠ>পইঠ + জা। দিঢ় < দৃঢ়ে। করিঅ < করিত * < ক্ত।
বহাস্ত < মহাস্থ। পরিমাণ—প্রমাণয় > পরিমাণয় > পরিমাণ।
ভণই < ভণতি। পর্ছিঅ < প্রিছেঅ < প্রিছেত *। জাণ—জানথ >
জাণহ > জাণঅ > জাণ। সঅল < সকল। সমাহিঅ < সমাধিভিঃ।
কাহি—কসা > কা + হি। করিঅই < কর্ষতে* < চিয়তে—করা হয়।

দ্বেতে কার্থ > দ্ব্থ + ত (অন্ত-কাত) + এ (<এন)। নিচিত <
নিশ্চত মরি অই — ব্রিরতে > মর্ণতে * > মরি অই। এড়িজউ ছাড়
(অন্ক্রা)। ছাল্দ — ছল্দ, আদি হুল্ফবর দীর্ঘ হরেছে (ট্যাপদের লবরের
ফুল্মীর্ঘ উচ্চারণের কোনো স্কুল্মট নির্ম পাওয়া বায় না)।
বাস্ক < বন্ধন্ম। করণ — ইন্দির। আস < আশা। স্নুল্পাথ < শ্নোপক।
ভিড়ি—অসমাপিকা কিয়া, ভিড়িয়। লাহ্ন—লও; লভ > লছ >
লাহ + উ (অন্ক্রায়)। পাস < পার্ঘ। আম্হে < অন্যাডিঃ। বাণে —
ধ্যানেন > ঝালে। ছিঠা < ছিট্ট < ছ্ট। ধ্রন < ধ্যান প্রক বায়্।
চবণ < চ্যবণ; রেচক বায়্। রেণি — দ্বীণ > বেণি; দ্বই। পিন্ডী
——পিণ্ড। বইঠা——উপবিষ্ট > বইঠ + আ।

चाध्रातिक वारणात्र त्राभाष्यप्र :---

শ্রেষ্ঠ তর্ (সদ্শা) এই শরীর, পাঁচটীই প্রির ডাল। চঞ্চল চিত্তে (ধরংস-র্পৌ) কাল প্রবেশ করে। (এই চিন্তু) দৃঢ় ক'রে মহাস্থ পরিষাণ কর। লাই বলেন, গা্রকে শা্মিয়ে জেল্ডি নাও (কিভাবে তা করতে হয়)। কেন করা হয় সমস্ত সমাধি? স্কু কিন্তু নাও (কিভাবে তা করতে হয়)। কেন করা হয় সমস্ত সমাধি? স্কু কিন্তু নাও (কিভাবে তা করতে হয়)। কেন করা হয় সমস্ত সমাধি? স্কু কিন্তু নাও সে নিশ্চত মারা ধার। (যোগাচারের) ছন্দ-বর (এবং) কপট ইন্দ্রিয়ের আশা পরিতাগে কর। শা্নাতা-পক্ষে ভিড়ে পাথে নাও (শা্নাতা-পঞ্চের দিকে এগিয়ে যাও)। লাই বলেন—আমি ধমন চমন (নামক, দৃই পিণ্ডিতে উপবিণ্ট হয়ে ধ্যানে (শা্নাতাকে) দেখেছি।

অম্তনিহিত ভাবঃ –

শরীরের পাঁচ ইন্দ্রিয় পাঁচটি ভাল স্বর্প। এই পঞ্চেন্দ্রিয় দ্বারা বাইরের বস্ত্ত্জগতের সঙ্গে মান্ধের নিত্য জানাশোনার পালা চলেছে—জানাশোনা যতোই বাড়ে ততই বেশী ক'রে প্রীতির সঞ্চার হয় এবং বস্তুজগৎকেই চরম ও পরম জ্ঞান ক'রে মান্ধের তার প্রতি আকৃণ্ট হয়। কিন্তু বস্তুজগতের মায়েমোহ-বন্ধন মান্ধের জন্য ধরংসের পথ। বাঁচার পথ দেখাতে পারেন গ্রে। সেই গ্রের্র নির্দেশে ইন্দ্রিয়ের পথ পরিহার ক'রে যোগ-সাধনার পথ বেছে নিতে হবে। সিদ্ধাচার লাইপাদ সে কথা ব্রেছেন, এবং তাই যোগ সাধনায় উপবিণ্ট হয়েছেন।

।। २।। कृष्यः तीशावावाज

স্থাগ-প্ৰড়া

দুলি দুহি পীঢ়া ধরণ ন জাই।
রুখের ডেকলৈ কুডীরে থাই ।। প্রু।।
আলন ঘরপন সনুন ভো বিজ্ঞাতী।
কানেট চোরে নিল অধরাতী।। প্রু।।
সসনুরা নিদ গেল বছন্ড়ী 'জাগই ।।
দিবসহি বহুড়ী কাউহি জর ভাই > ।
রাতি ভইলে কামর জাই ১ ।। প্রু।।
আইসনী ১ চর্যা কুলুরীপা এ ক্রিল ১ ।। প্রু।।
কোড়ি মাজে বিজ্ঞাকু সমাইল ১ ।। প্রু।।
কোড়ি মাজে বিজ্ঞাকু সমাইল ১ ।। প্রু।।

भावास्तर :--

. পিটা (ক, ঘ) তি. খাজ (ক, ঘ) ৩. চেরি (ক, প, ঘ)
৪. স্ন্র্রা (ক) ৫. জাগজ (ক, ঘ) ৬. মাগজ (ক, ঘ)
৭. দিবসই (ক, ঘ) ৮. কাড়ই (ক), কাউই (ঘ) ৯. ভরে (ক)
১০: ডাজ (ক, ঘ) ১১. জাজ (ক, ঘ) ১২. অইসন (ক),
(জাইসনি (ঘ) ১০. গাইড (ক), গাইড (ঘ) ১৪. মঝে (ক, ঘ)
১৫. একুড়ি জাহি (ক) ১৬. সনাইড় (ক), সমাইউ (ঘ)

म्बंबांब'. हीका, बंग्रश्मिकः -

দর্শি – ৰুদ্ধণী; এখানে বহাস ্থকমল, যেখানে ব্যাকার ব। বৈভভাব লীন হয়। দর্শি — √দর্হ + ভাচ্ (>ইজ>ই)।
পীঢ়া – ভাড়; বল্লুমনির পে পি'ড়ি। ধরণ - √ধ্> ধয় + ন
(অভি-জাত)। ন—না। জাই—ষাই < যাতি। রুধের—

বৃক্ষ > র্ক্ খ > র্থ + এর (কেরব-জাত)। তেওলি < তিত্তি ।

তেওলা থাই — থদতি > থাঅই > থাঅ থাএ থাই। আঙ্গন – অঙ্গন।

ঘরপণ — ঘরসংসার; গৃহত্বনাং > ঘরপণ — । স্ন্ন < গ্র্ণাং < শৃণ্ , —

শোন। ভো — সংন্বাধন স্চক তংসম শালা। বিআতী - বাদর্রন্তিকা >

বাএল্রিআ > বিআতী; দ্বীবাদ্যকর। কানেট < কন্যাপট্ট। অধরতী <

অকরন্তিএ < অন্ধ্রান্তো। সস্রা শাল্র। নিদ < নিদ্রা। বহুড়ী —

বধ্টিকা > ব্যন্তী > বহুড়ী। জাগই — জাগতি '> জাগাই।

কা — কাহাকে, কি; কসা > কা। গই — গিয়ে; গমিত > গইঅ > গ্র।

মাগাই < শাগতি। দিবসহি দিবস + হি (অধিকরণে)। কাউহি —

কাক হইতে; কাক > কাজ, কাউ + হি (পঞ্চমীর চিহ্ন)। ডাই — ভীত

হয়; ভায়তি * > ভাজই > ভাই। ভইলে — হইলে; ভইল (ভূত + ইল্ল)

থমন, এ হেন। গাইল — গীত জুল (< ই) কোড়ি < কোটি। মাঝো

— মধ্য > মজ্বে > মাঝ + বি

(অধিকাত)। একু < এজো < একঃ

হি আহি '— হদর > হিল্লা তি হিল।

সমাইল - সম্মাপরতি >

সম্মাবেই > সামাই + ইল।

खाश्चीनक बारलाग्न ब्रुभाखन :

কচ্ছপ দোহন ক'রে ভাঁড়ে ধরা যাচ্ছেনা। কুমারে খেরে নিচ্ছে গাছের তে'তুল। শোনো ওগো বাদ্যকরী, ঘরের পানে অর্থাং মধ্যে অঙ্গন। অর্থারে 'কানেট' নিল চোরে। শুশরে ঘ্নিয়ে গেল, বধ্ জেগে। চোরে নিল কানেট. কি (আর) খেজি করবে গিরে; দিনের বেলা বউটি কাকের ভয়ে ভাঁত হয়। (কিন্তু) রাত হ'লেই (সে) কামর্প যায়। এমন চ্যা গাইছেন কুক্রীপাদ্য কোটি জনের মধ্যে (কেবল) একটি হদ্যেই তা প্রবেশ করে।

অঙ্গলিছিত ভাৰ:-

মহাস্থক্মল দোহন ক'রে ব্দ্ধুমণির্প পি'াড়তে রাথা যাচ্ছেনা অর্থাৎ ইড়াপিঙ্গলাকে বণা'ভিতে ক'রে হৈতভাব দ্রে করা এবং বোধিচিত্তকে নির্বাদ্যাগে চালিত করা যাছেনা, তার ফলে সহজানশ-লাভও সন্তব হছেনা। দেহতর্র ফল তে'তুলর্পী চিত্তকে কুমীরে খায় অথিং কুছক সমাধি দারাই চিত্তকে নিঃম্বভাব করা যেতে পারে। দেহর্প ঘরের ভিতরেই অসন—মহাস্থর্প বা সহজানশর্প সেই অসনে নির্বাণ লাভ করা যায়। অধরিটি হছে প্রজ্ঞান্তানের অভিষেক দানের সময় — ঐ সময় সহজানতার্প চারে কানেট-র্পী প্রকৃতিদার হরণ করে। খাসবায়, যথন স্থির তখন জেগে থাকে পরিশ্রে প্রকৃতিব্রাপিনী বধ্। এই বধ্ দিনের বেলা অথিং ইন্দ্রিলির সজাগ অবস্থায় বস্তুজগতের ভয়াবহ পরিণতি দেখে ভীত সংকৃচিত হয়। কিন্তু রাতে ইন্দ্রিলি সন্যাধি হ'লে সে পরিশ্রেলবিস্থায় নির্বিকলপাকারে কামর্পে অর্থাৎ মহাস্থসঙ্গমে গ্রমন করে।

---शिक्षितिक्षिक

এক সে শ্রিডনী দুই ঘরে সাদই ।
চীজাণ বাকলত বার্ণী বারই । ধ্রা।
সহলে থির করি বার্ণী সাক ।
কো অঞ্জামর হোই দিচ় কার ॥ ধ্রা।
দশমি দ্আরত চিহু দেখিআ ।
আইল গরাহক আপণে কি বহিলা॥ ধ্রা।
চউনঠী ঘড়িয়ে দেউ ১০ পসারা।
পইঠেল গরাহক নাহি নিসারা॥ ধ্রা।
এক খড়্লী ১০ সর্অ ১০ নাল।
ভণ্ডি বির্লা থির করি চাল। ধ্রা।

পাঠাত্তর ৪-

১ শন্দিডনিপাঁ (৪) ২ সাছঅ (ক) ৩ বাকুসত্র (ক) ৪ বাছ জ (ক) ৫ করী (ক, ছ) ৬ সাছে (ক, ঙ', বাছ (ছ) ৭ দিট (ক) ৮, কাছঃ (ক) ৯ দেখইআ (ক) ১০ অপণে (ক) ১১ দেট (ক), দেত (ব) ১২. সভালী (ক) ১০ সর্ই (ক)

बच्चाव, ठीका, ब्राश्वि ! -

भारिकनी-माजिनी, स्मिन्छिक्त श्वी: स्मिन्डिक>मान्छ-श्वीमात्त्र শ্বণিডনী। সাছই - সাছায়, প্রবেশ করে; সম্বর্গত>সাছই। চীঅণ <िहळ्य। वाकलख—वाकल भाता; वाकल>वाकल+छ (कर्त कात्रक)। वात्रानी-मन; जश्मम मुनन। वासरे<वन्तर्शक-वीर्थ, এখানে চোলাই করে। সহজে — সুকুল + এ (এখানে বিতীয়া)। থির < ছির। সার মদ গাঁলুকি (?), তু' — খোঞাউরি খানে (বিদ্যাপুট্রি - কীতি'লতা), সদ্বাপয়তি *> সাদ্ধ>সাধ। জে<ুক্রে ছোই - হয়; ভবতি > হোই। কান্ধ < - दक्- त्मर ; बार्क राज्य शांति ज्ञांचिक भाग ; तोक भरत আমাদের দেহ রুণ, বেদনা সংজ্ঞা, সংস্কার ও বিজ্ঞান – এই পণ্ড দক্ষের সমাহার: আত্মা সম্প্রে বৌদ্ধ মতে কোন কথা বলা হয়নি। দশমি দুআরত — দশমিক > দশমি, দার> দুআর+ত (অধিকরণে): নবদারের অতিরিক্ত যে দার – বৈরোচনদার. নিবারণর্প দশম বার। দেখিতা<দ্কিত *-দেখিয়া। আইল< আরাত + ইল। গুরাহক < গ্রাহক (বিপ্রকর্ষ)। আপণে— আজ্ন > আপ্পণ > আপণ + এ (<এন, ততীয়ার চিহ্ন)। বহিবা-বহ+ইআ (কাচ্)। চউলঠী<চভু:ৰণ্ট। ঘড়িয়ে— ঘড়ার; ঘটী>ঘড়ি+এ (কারণে অথবা অধিকরণে)। দেউ < দিতকঃ • – দেওয়। হইয়াছে। পসারা – পণাশালা > পলসার। >পণসার। > পসার।। পইঠেল - প্রবিষ্ট + ইল > পইট্র +रेन > भरेर्ठन। निमाता।<िनःमात। घड्रानी-१८>

चड़ + छेनी (क्तार्ख) >घड़्लीः प्रत्य < प्रत्+क, व्यवस्य मह्भ>मह्व। वित्वा <िवत्वाः

जाध्यीयक यारजात स्थान्छत्र :-

এক সে লু 'ড়িনী দু-ঘরে ঢোকে। চিকন বাকল দিয়ে সে বার বা মদ টোলাই করে। (ওলে। শ্রণ্ডিনী)! সহজ্ঞকে দ্বির রেখে (তৃই) বারুণী চোলাই কর, যাতে ভোর দেহ অজর অমর ও দৃঢ় হর। দশম দ্বারে চিহ্ন লেখে খন্দের নিজেই (পথ) থেরে এল। চৌষট্রি ঘড়ার মদের পসর। সাজিরে দেওরা হ'ল। খদের বরে চুকল, আর ভার নিক্ষমণ নেই। একটি ছোটু भाव, नत् जात्र नन । वित्र वा वनद्वन-ठान् के व्यत छारव।

অন্ত্ৰিপতিত ভাৰ :--

ভাৰণিছত ভাৰ :—
ইড়া ও পিল্লাকে অবধ্যক্তিকাল প্ৰবিণ্ট কয়ানে। ব্যাপায়টিকে এখানে अर्भक्छारव दला श्रहाह ख-नार्देष्नी प्र-चरत राहक । नार्दिनी श्रह अवधारिका. पर्-चत्र द्राच्च यथाक्राय देका **७ लिक्रमा। योक-**ज्ञत खन्नात देजा-लिक्रमात मधावर्जी मृश्ना या अवश्राधकात পথে निवृत्ति-माधन वा डेन्टोमाधन क'रत পেছের অমৃত রক্ষা করা যার। দেছের অমৃত থেকে মণ্ডিক্সদেশে সহস্রার প্राथ्य, स्मिथान रथरक मिन्मभाषी इ'ला मर्गाष्यश्च यस करत जारक बका कारण इत । अपकानन्य क्ति करत बहे बात्र गीमकानी त्वाधिव्यक मः यक करा हत्य. ভাহ'লেই দেহ জন্ধর অমর হবে। বেছিচিত খেন সেইখণের, দেহমাভারাপ मनाभारत महात्रात्थ निमन्न इ बहारे बात्र धक्यात नक्या। रत्र मनमित्रास हिस् দেখে অবধুতি মাগে প্রবেশ করে। সর সেই অবধুতি ঘাগে তাকে চালাতে जिकाहाय उन्दर्भ पिटका

।। ८।। গ_ुन्छद्वीशामानाम्

রাগ—অরু

তিরড়াই চাপী জোইনি দে অভকবালী
কমলকুলিশ ঘাণ্টেই করহা বিআলী।। ধ্রা।
জোইনি তই বিগ্ন খনহি ন জীবমি।
তো মাহ চুন্বী কমলরস পিবমিউ।। ধ্রা।
খেপহ্' জোইনি লেপন জাইউ।
মণিমলেই বহিআ ওড়িআণে সমাইউ।। ধ্রা।
সাস, ঘরেই ঘালি কোণা তাল।
চালসাজ বিণি পাথাইউ ফালা ক্রিনা।
ভণই গ্নভরীইই জাম হেতি কুলারে বীরা।
নরঅ নারী মাঝেইউ ক্রিনা।। ধ্রা।

পাঠান্ডর:-

১: তি অড্ডা (ক) ২. ঘাট (ক,গ), ৩. পীর্বাম (ক)
৪. খে'প্র, (ক) ৫. লেপন (ক) ৬. জায় (ক,ঘ) ৭. মাণ্কুলে
(ক,ঘ) ৮. সগাঅ (ক) সমাঅ (ঘ) ১. স্কে (ক) ১০. পথা
(ক) ১১. গ্রেরী (ক,ঘ) ১২. অহ্মে (ক,ঘ) ১৩. মঝে'
(ক) ১৪. উভিল (ক)

ववनाथ, दीका, ब्रार्शिख:-

তিয়ড়া < বিষ্কু, তিন তার যুক্ত; অথবা - বিবৃত্তক>
তিয়ড়া; জঘন! চাপী <চাপইআ <চাপিঅছা। জোইনি
<যোগিনী। দে < দেই < দদাতি; অথবা, দয়তে>
দে - দেয়। অংকবালী — আলিঙ্গন, অংকপালী > অংকবালী।

